PROP. VIII. THEOR.

Of unequal magnitudes, the greater has a greater ratio to the same than the less has; and the same magnitude has a greater ratio to the less than it has to the greater.

Let A + B be a magnitude greater than A, and C a third magnitude; A + B has to C a greater ratio than A has to C; and C has a greater ratio to A than it has to A + B.

Let m be such a number that mA and mB are each of them greater than C; and let nC be the least multiple of C that is not less* than mA + mB; then nC—C, that is, (n—1) C (1. 5) will be less than mA + mB, or mA + mB, that is, m (A + B) is greater than (n—1), C. But because nC is not less than mA + mB, and C less than mB, nC—C is greater than mA or mA, is less than nC—C, that is, than (n—1)C. Therefore the multiple of A + B by m exceeds the multiple of C by n—1, but the multiple of A by m does not exceed the multiple of C by n—1; therefore A + B has a greater ratio to C than A has to C (Def. 7. 5.)

---

* The original text is, "Let nC be the least multiple of C that *exceeds* mA + mB"; but in that case it does not necessarily follow that (n—1)C is *less* than mA + mB; it might be equal.

৮ প্রতিজ্ঞা। উপপাদ্য।

বিষম রাশির মধ্যে বৃহত্তরের কোন রাশি সম্বন্ধীয় যে নিষ্পত্তি তাহা ক্ষুদ্রতরের সেই রাশি সম্বন্ধীয় নিষ্পত্তি অপেক্ষা অধিক; এবং কোন রাশির বৃহত্তর সম্বন্ধীয় যে নিষ্পত্তি তাহা ক্ষুদ্রতর সম্বন্ধীয় নিষ্পত্তি অপেক্ষা অল্প।

ক + খ রাশি ক রাশির বৃহত্তর কল্পনা কর এবং গ অন্য কোন রাশি কল্পনা কর। ক + খ রাশির গ সম্বন্ধীয় নিষ্পত্তি ক রাশির গ সম্বন্ধীয় নিষ্পত্তি অপেক্ষা অধিক এবং গ রাশির ক সম্বন্ধীয় নিষ্পত্তি ক + খ সম্বন্ধীয় নিষ্পত্তি অপেক্ষা অধিক।

অ এমত এক অঙ্ক কল্পনা কর যেন অক অখ প্রত্যেকে গ অপেক্ষা অধিক হয়। অপর অক + অখ হইতে অন্যূন* অথচ গ রাশির ক্ষুদ্রতম অপবর্ত্ত্য এমত এক রাশি কল্পনা কর যথা ইগ তাহাতে ইগ—গ অর্থাৎ (ই—১)গ (১. ৫.) অক + অখ হইতে ন্যূন হইবে অথবা অক + অখ অর্থাৎ অ (ক + খ) রাশি (ই—১)গ হইতে অধিক হইবে। অধিকন্তু অগ রাশি অক + অখ রাশি হইতে অন্যূন এবং গ রাশি অখ হইতে ন্যূন একারণ ইগ—গ > অক অর্থাৎ অক < ইগ—গ সুতরাং অক < (ই—১)গ অতএব অ পরিমাণে ক + খ রাশির অপবর্ত্ত্য অ—১ পরিমাণে গ রাশির অপবর্ত্ত্য হইতে অধিক কিন্তু অ পরিমাণে ক রাশির অপবর্ত্ত্য ই—১ পরিমাণে গ রাশির অপবর্ত্ত্য হইতে অধিক নহে অতএব (৫।৭ সং) ক + খ রাশির গ সম্বন্ধীয় নিষ্পত্তি ক রাশির গ সম্বন্ধীয় হইতে অধিক।

* মূল গ্রন্থে লিখিত আছে "অধিক" তাহাতে প্রমাণে দোষ আইসে কেননা তাহা হইলে (ই — ১) গ রাশি অক + অখ হইতে নিতান্ত ন্যূন হইত না, সমান হইতেও পারিত।

Again, because the multiple of C by $n-1$, exceeds the multiple of A by m, but does not exceed the multiple of A + B by m, C has a greater ratio to A than it has to A + B (Def. 7. 5.) Therefore, &c. Q. E. D.

PROP. IX. THEOR.

Magnitudes which have the same ratio to the same magnitude are equal to one another; and those to which the same magnitude has the same ratio are equal to one another.

If A : C : : B : C; A=B.

For, if not, let A be greater than B; then, because A is greater than B, two numbers, m and n, may be found, as in the last proposition, such that mA shall exceed nC, while mB does not exceed nC. But because A : C : : B : C; if mA exceed nC, mB must also exceed nC (def. 5. 5.); and it is also shewn that mB does not exceed nC, which is impossible. Therefore A is not greater than B; and in the same way it is demonstrated that B is not greater than A; therefore A is equal to B.

Next, let C : A : : C : B; A = B. For, by inversion (A. 5.), A : C : : B : C; and therefore by the first case, A = B.

PROP. X. THEOR.

That magnitude, which has a greater ratio than another has to the same magnitude, is the greater of the two

অপিচ ই—১ পরিমাণে গ রাশির অপবর্ত্ত্য অ পরিমাণে ক রাশির অপবর্ত্ত্য হইতে অধিক কিন্তু অ পরিমাণে ক + খ রাশির অপবর্ত্ত্য হইতে অধিক নহে একারণ গ রাশির ক সম্বন্ধীয় নিষ্পত্তি ক + খ সম্বন্ধীয় নিষ্পত্তি হইতে অধিক। অতএব বিষম ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

৯ প্রতিজ্ঞা। উপপাদ্য।

যেং রাশির এক রাশির সহিত সমান নিষ্পত্তি সম্বন্ধ সে সকল রাশি পরস্পর সমান এবং যেং রাশির সহিত এক রাশির সমান নিষ্পত্তি সম্বন্ধ সে সকল রাশিও পরস্পর সমান।

যদি ক : গ :: খ : গ তবে ক = খ।

কেননা যদি এমত না হয় তবে ক > খ কল্পনা কর। অতএব ক রাশি খ হইতে অধিক একারণ পূর্ব্বোক্ত প্রতিজ্ঞার ন্যায় অ এবং ই এমত দুই অঙ্ক কল্পনা করা যাইতে পারে যে অক ইগ রাশির অধিক অথচ অখ ইগ রাশির অনধিক হয়। অপর ক : গ :: খ : গ হওয়াতে অক যদি ইগ হইতে অধিক হয় তবে অখও ইগ হইতে অধিক হইবে (৫।৫) কিন্তু অখ ইগ রাশির অনধিক দর্শিত হইয়াছে অতএব ইহা অনুপপন্ন হইল। সুতরাং ক রাশি খ রাশির অধিক নহে। তদ্রূপ খ রাশি ক রাশির অধিক নহে ইহাও উপপন্ন হইবে অতএব ক খ পরস্পর সমান।

অপিচ গ : ক :: গ : খ কল্পনা কর তাহাতে ক = খ হইবে কেননা বিলোম নিষ্পত্তি দ্বারা (৫। ক) ক : গ :: খ : গ সুতরাং পূর্ব্বোক্ত উপপত্ত্যনুসারে ক = খ।

১০ প্রতিজ্ঞা। উপপাদ্য।

দুই রাশির মধ্যে যে রাশির নিষ্পত্তি পরিমাণ অন্য এক রাশি সম্বন্ধে অধিক সেই রাশি বৃহত্তর এবং যাহার সম্বন্ধে

And that magnitude, to which the same has a greater ratio than it has to another magnitude, is the less of the two.

If the ratio of A to C be greater than that of B to C; A is greater than B.

Because A : C $>$ B : C, two numbers m and n may be found, such that mA $>$ nC, and mB $<$ nC (Def. 7. 5.) Therefore, also mA $>$ mB, and A $>$ B (Ax. 4. 5.)

Again, Let C : B $>$ C : A; then B $<$ A. For two numbers, m and n may be found, such that mC $>$ nB, and mC $<$ nA (Def. 7. 5.) Therefore, since nB is less, and nA greater than the same magnitude mC, nB $<$ nA, and B $<$ A. Therefore, &c. Q. E. D.

PROP. XI. THEOR.

Ratios that are equal to the same ratio are equal to one another.

If A : B : : C : D; and also C : D : : E : F; then A : B : : E : F.

Take mA, mC, mE, any equimultiples of A, C, and E; and nB, nD, nF, any equimultiples of B, D, and F. Because A : B : : C : D, if mA $>$ nB, mC $>$ nD (Def. 5. 5.); but if mC $>$ nD, mE $>$ nF (Def 5. 5.), because C : D : : E : F; therefore if mA $>$ nB, mE $>$ nF. In the same manner, if mA $=$ nB, mE $=$ nF; and if mA $<$ nB, mE $<$ nF. Now, mA, mE are any

অন্য এক রাশির নিষ্পত্তি পরিমাণ অধিক সেই রাশি উভয়ের মধ্যে ন্যূন।

যদি গ সম্বন্ধে ক রাশির নিষ্পত্তি পরিমাণ খ রাশির নিষ্পত্তি পরিমাণ অপেক্ষা অধিক হয় তবে খ হইতে ক অধিক।

ক : গ $>$ খ : গ একারণ এমত দুই সংখ্যাত্মক অঙ্ক যথা অ ই কল্পনা করা যায় যে অক $>$ ইগ অথচ অখ $<$ ইগ হইবে (৫।৭ সং) অতএব অক $>$ অখ এবং ক $>$ খ (৫।৪ স্বতঃ সাধ্য)।

অপিচ গ : খ $>$ গ : ক কল্পনা কর তাহাতে খ $<$ ক হইবে কেননা এমত দুই সংখ্যাত্মক অঙ্ক যথা অ ই কল্পনা করা যাইতে পারে যাহাতে অগ $>$ ইখ অথচ অগ $<$ ইক হইবে (৫।৭ সং) অতএব অগ এক রাশির সম্বন্ধে ইখ ন্যূন এবং ইক অধিক হওয়াতে ইখ $<$ ইক সুতরাং খ $<$ ক। অতএব দুই রাশির মধ্যে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

১১ প্রতিজ্ঞা উপপাদ্য।

যেহ নিষ্পত্তি পরিমাণ অন্য কোন সামান্য নিষ্পত্তি পরিমাণের সমান তাহারা পরস্পরও সমান।

যদি ক : খ :: গ : ঘ এবং গ : ঘ :: ঙ : চ তবে ক : খ :: ঙ : চ হইবে।

ক, গ, ঙ, রাশির কোন সম অপবর্ত্ত্য যথা অক, অখ, অঙ, এবং খ, ঘ, চ রাশির কোন সম অপবর্ত্ত্য যথা ইখ, ইঘ, ইঙ, কল্পনা কর। ক : খ :: গ : ঘ হওয়াতে যদি অক $>$ ইখ হয় তবে অগ $>$ ইঘ হইবে (৫।৫ সং) কিন্তু যদি অগ $>$ ইঘ তবে অঙ $>$ ইচ হইবে (৫।৫ সং) কেননা গ : ঘ :: ঙ : চ অতএব অক $>$ ইখ হইলে অঙ $>$ ইচ হইবে। তদ্রূপ অক = ইখ হইলে অঙ = ইচ, এবং অক $<$ ইখ

equimultiples whatever of A and E; and nB, nF any whatever of B and F; therefore A : B : : E : F, (Def. 5. 5.) Therefore, &c. Q. E. D.

PROP. XII. THEOR.

If any number of magnitudes be proportionals, as one of the antecedents is to its consequent, so are all the antecedents, taken together, to all the consequents.

If A : B : : C : D, and C : D : : E : F; then also, A : B : : A+C+E : B+D+F.

Take mA, mC, mE any equimultiples of A, C, and E; and nB, nD, nF, any equimultiples of B, D, and F. Then, because A : B : : C : D, if $mA > nB$, $mC > nD$ (Def. 5. 5.); and when $mC > nD$, $mE > nF$, because C : D : : E : F. Therefore, if $mA > nB$, $mA + mC + mC > nB + nD + nF$. In the same manner, if $mA = nB$, $mA + mC + mE = nB + nD + nF$; and if $mA < nB$, $mA + mC + mE < nB + nD + nF$. Now, $mA + mC + mE = m(A+C+E)$ (Cor. 1. 5.), so that mA and $mA + mC + mE$ are any equimultiples of A, and of A+C+E. And for the same reason, nB, and $nB + nD + nF$ are any equimultiples of B, and of B+D+F; therefore (Def. 5. 5.) A : B : : A+C+E : B+D+F. Therefore, &c. Q. E. D.

হইলে অঙ < ইচ উপপন্ন হইবে। অধিকন্তু অক এবং অঙ ক এবং ঙ রাশির কোন সম অপবর্ত্ত্য এবং ইখ ও ইচ খ এবং চ রাশির কোন সম অপবর্ত্ত্য অতএব ক : খ :: ঙ : চ। অতএব যেং নিষ্পত্তি ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

---

১২ প্রতিজ্ঞা। উপপাদ্য।

কতিপয় রাশি অনুপাতীয় হইলে কোন অগ্রবর্ত্তি রাশির তদনুবর্ত্তি রাশি সম্বন্ধে যে নিষ্পত্তি সমুদয় অগ্রবর্ত্তির সমুদয় অনুবর্ত্তি সম্বন্ধেও সেই নিষ্পত্তি।

যদি ক : খ :: গ : ঘ এবং গ : ঘ :: ঙ : চ হয় তবে ক : খ :: ক + গ + ঙ : খ + ঘ + চ হইবে।

ক, গ, ঙ রাশির অক, অগ, অঙ সম অপবর্ত্ত্য কল্পনা কর এবং খ, ঘ, চ, রাশির ইখ, ইঘ, ইচ, সম অপবর্ত্ত্য কল্পনা কর। অপর ক : খ :: গ : ঘ একারণ অক > ইখ হইলে অগ > ইঘ হইবে (৫।৫ সং) এবং অগ > ইঘ হইলে অঙ > ইচ হইবে কেননা গ : ঘ :: ঙ : চ। অতএব অক > ইখ হইলে অক + অগ + অঙ > ইখ + ইঘ + ইচ হইবে। তদ্রূপ অক = ইখ হইলে অক + অগ + অঙ = ইখ + ইঘ + ইচ হইবে। তথা অক < ইখ হইলে অক + অগ + অঙ < ইখ + ইঘ + ইচ হইবে। অনন্তর অক + অগ + অঙ = অ (ক + গ + ঙ) (৫।১) সুতরাং অক এবং অক + অগ + অঙ ক্রমশঃ ক এবং ক + গ + ঙ রাশির সম অপবর্ত্ত্য। তদ্রূপ ইখ এবং ইখ + ইঘ + ইচ ক্রমশঃ খ এবং খ + ঘ + চ রাশির সম অপবর্ত্ত্য অতএব (৫।৫ সং) ক : খ :: ক + গ + ঙ : খ + ঘ + চ। অতএব কতিপয় রাশি ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. XIII. THEOR.

If the first have to the second the same ratio which the third has to the fourth, but the third to the fourth, a greater ratio than the fifth has to the sixth; the first has also to the second a greater ratio than the fifth has to the sixth.

If $A : B :: C : D$; but $C : D > E : F$; then also, $A : B > E : F$.

Because $C : D > E : F$, there are two numbers m and n, such that $mC > nD$, but $mE < nF$ (Def. 7. 5.) Now, if $mC > nD$, $mA > nB$, because $A : B :: C : D$. Therefore $mA > nB$, and and $mE < nF$, wherefore, $A : B > E : F$ (Def. 7. 5.) Therefore, &c. Q. E. D.

PROP. XIV. THEOR.

If the first have to the second the same ratio which the third has to the fourth, and if the first be greater than the third, the second shall be greater than the fourth; if equal, equal; and if less, less.

If $A : B :: C : D$; then if $A > C$, $B > D$; if $A = C$, $B = D$; and if $A < C$, $B < D$.

First, $A > C$; then $A : B > C : B$ (8. 5.), but $A : B :: C : D$, therefore $C : D > C : B$ (13. 5.), and therefore $B > D$ (10. 5.)

In the same manner, it is proved, that if $A = C$, $B = D$; and if $A < C$, $B < D$. Therefore, &c. Q. E. D.

১৩ প্রতিজ্ঞা। উপপাদ্য।

প্রথম রাশির দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তি পরিমাণ যদি তৃতীয়ের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তির সমান হয় কিন্তু তৃতীয়ের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তি যদি পঞ্চমের ষষ্ঠ সম্বন্ধীয় নিষ্পত্তি অপেক্ষা অধিক হয় তবে প্রথমের দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তিও পঞ্চমের ষষ্ঠ সম্বন্ধীয় নিষ্পত্তি অপেক্ষা অধিক হইবে।

যদি ক:খ:: গ: ঘ এবং গ: ঘ > ঙ: চ তবে ক: খ > ঙ: চ।

গ: ঘ > ঙ: চ হওয়াতে এমত দুই অঙ্ক যথা অ এবং ই পাওয়া যাইবে যাহার গুণনে অগ > ইঘ কিন্তু অঙ ∠ ইচ হইবে (৫।৭ সং) পরন্তু অগ > ইঘ হইলে অক > ইখ হইবে কেননা ক: খ :: গ: ঘ অতএব অক > ইখ এবং অঙ < ইচ সুতরাং ক: খ > ঙ: চ (৫।৭ সং) অতএব প্রথম রাশির ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

১৪ প্রতিজ্ঞা। উপপাদ্য।

প্রথম রাশির দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তি যদি তৃতীয়ের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তির সমান হয় এবং প্রথম যদি তৃতীয় হইতে অধিক হয় তবে দ্বিতীয়ও চতুর্থ হইতে অধিক হইবে তথা যদি সমান হয় তবে সমান আর যদি ন্যূন হয় তবে ন্যূন হইবে।

যদি ক: খ :: গ: ঘ তবে ক > গ হইলে খ > ঘ, ক = গ হইলে খ = ঘ, এবং ক ∠ গ হইলে খ < ঘ হইবে।

প্রথমতঃ ক > গ কল্পনা কর তাহাতে ক. খ > গ: খ (৫। ৮) কিন্তু ক: খ :: গ: ঘ অতএব গ· ঘ > গ· খ (৫।১৩) সুতরাং. খ > ঘ (৫। ১০)

তদ্রূপ ইহাও উপপন্ন হয় যে ক = গ হইলে খ = ঘ, এবং ক < গ হইলে খ < ঘ। অতএব প্রথম রাশির ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. XV. THEOR.

Magnitudes have the same ratio to one another which their equimultiples have.

If A and B be two magnitudes, and m any number; A : B : : mA : mB.

Because A : B : : A : B (7. 5.); A : B : : A+A : B+B (12. 5.), or A : B : : 2A : 2B. And, in the same manner, since A : B : : 2A : 2B, A : B : : A+2A : B+2B (12. 5.), or A : B : : 3A : 3B; and so on, for all the equimultiples of A and B. Therefore, &c. Q. E. D.

PROP. XVI. THEOR.

If four magnitudes of the same kind be proportionals, they will also be proportionals when taken alternately.

If A : B : : C : D, then alternately, A : C : : B : D.

Take mA, mB any equimultiples of A and B, and nC, nD any equimultiples of C and D. Then (15. 5.) A : B : : mA : mB; now A : B : : C : D, therefore (11. 5.) C : D : : mA : mB. But C : D : : nC : nD (15. 5.); therefore mA : mB : : nC : nD (11. 5.); wherefore if $mA > nC$, $mB > nD$ (14. 5.); if $mA = nC$, $mB = nD$, or if $mA < nC$, $mB < nD$; therefore (Def. 5. 5.), A : C : : B : D. Therefore, &c. Q. E. D.

১৫ প্রতিজ্ঞা। উপপাদ্য।

কতিপয় রাশির সম অপবর্ত্ত্যের পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি রাশিরদেরও সেই নিষ্পত্তি।

ক এবং খ দুই রাশি এবং অ কোন সংখ্যাত্মক অঙ্ক কল্পনা কর। ক : খ :: অক : অখ হইবে।

ক : খ :: ক : খ (৫।৭) একারণ ক : খ :: ক + ক : খ + খ অর্থাৎ ক : খ :: ২ক : ২খ তথা ক : খ :: ক + ২ক : খ + ২খ অর্থাৎ ক : খ :: ৩ক : ৩খ। ক এবং খ রাশির যাবদীয় সম অপবর্ত্ত্যের বিষয় তদ্রূপ হয়। অতএব কতিপয় রাশির ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

১৬ প্রতিজ্ঞা। উপপাদ্য।

সজাতীয় চারি রাশি অনুপাতীয় হইলে তাহারদের বিনিময় নিষ্পত্তি সম্ভাব্য।

যদি ক : খ :: গ : ঘ তবে বিনিময়ে ক : গ :: খ : ঘ হইবে।

ক খ রাশির অক অখ দুই সম অপবর্ত্ত্য কল্পনা কর এবং গ ঘ রাশির ইগ ইঘ দুই সম অপবর্ত্ত্য কল্পনা কর তাহাতে (৫।১৫) ক : খ :: অক : অখ হইবে, অপর ক : খ :: গ : ঘ একারণ (৫।১১) গ : ঘ :: অক : অখ। অধিকন্তু গ : ঘ :: ইগ : ইঘ সুতরাং অক : অখ :: ইগ : ইঘ অতএব যদি অক > ইগ তবে অখ > ইঘ (৫।১৪) যদি অক = ইগ তবে অখ = ইঘ অথবা যদি অক < ইগ তবে অখ < ইঘ অতএব (৫।৫ সং) ক : গ :: খ : ঘ। অতএব সজাতীয় চারি রাশি ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. XVII. THEOR.

If Magnitudes, taken jointly, be proportionals, they will also be proportionals when taken separately; that is, if the first, together with the second, have to the second the same ratio which the third, together with the fourth, has to the fourth, the first will have to the second the same ratio which the third has to the fourth.

If $A + B : B :: C + D : D$, then by division $A : B :: C : D$.

Take mA and nB any multiples of A and B, by the numbers m and n; and first let $mA > nB$; to each of them add mB, then $mA + mB > mB + nB$. But $mA + mB = m(A + B)$ (Cor. 1. 5), and $mB + nB = (m+n)B$ (2. Cor. 2. 5.), therefore $m(A+B) > (m+n)B$.

And because $A + B : B :: C+D : D$, if $m(A+B) > (m+n)B$, $m(C+D) > (m + n)D$, or $mC + mD > mD + nD$, that is, taking mD from both, $mC > nD$. Therefore, when mA is greater than nB, mC is greater than nD. In like manner, it is demonstrated, that if $mA = nB$, $mC = nD$, and if $mA < nB$, that $mC < nD$; therefore $A : B :: C : D$. (Def. 5. 5.) Therefore, &c. Q. E. D.

PROP. XVIII. THEOR.

If magnitudes, taken separately, be proportionals, they will also be proportionals, when taken jointly, that is, if the the first be to the second as the third to the

১৭ প্রতিজ্ঞা। উপপাদ্য।

যে২ রাশির মধ্যে যোগ নিষ্পত্তি থাকে তাহারদের মধ্যে অন্তর নিষ্পত্তি ও হইবে অর্থাৎ প্রথম এবং দ্বিতীয় রাশির যোগে দ্বিতীয়ের সম্বন্ধে যে নিষ্পত্তি তৃতীয় চতুর্থের যোগে চতুর্থ সম্বন্ধেও যদি সেই নিষ্পত্তি হয় তবে প্রথমের দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তি তৃতীয়ের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তি তুল্য হইবে।

যদি ক + খ : খ :: গ + ঘ : ঘ তবে বিয়োগ দ্বারা ক : খ :: গ : ঘ।

ক এবং খ রাশির অ এবং ই পরিমাণ দুই অপবর্ত্ত্য কল্পনা কর অর্থাৎ অক ইখ। প্রথমতঃ অক > ইখ কল্পনা কর তাহাতে অখ যোগ করিলে অক + অখ > অখ + ইখ হইবে। অপর অক + অখ = অ (ক + খ) (৫।১ অনু) এবং অখ + ইখ = (অ + ই)খ (৫।২ দ্বিতীয় অনু) অতএব অ (ক + খ) = (অ + ই)খ।

অপিচ ক + খ : খ :: গ + ঘ : ঘ একারণ যদি অ (ক + খ) > (অ + ই)খ তবে অ(গ + ঘ) > (অ + ই)ঘ অর্থাৎ অগ + অঘ > অঘ + ইঘ। উভয়তঃ অঘ বিযোগ করিলে অগ > ইঘ অতএব অক ইখ হইতে অধিক হইলে অগ ইঘ হইতে অধিক হয়। তদ্রূপ অক = ইখ হইলে অগ = ইঘ এবং অক < ইখ হইলে অগ < ইঘ উপপন্ন হইবে। অতএব ক : খ :: গ : ঘ। অতএব যে২ রাশির মধ্যে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

১৮ প্রতিজ্ঞা। উপপাদ্য।

যে২ রাশির মধ্যে অন্তর নিষ্পত্তি থাকে তাহারদের মধ্যে যোগ নিষ্পত্তিও হইবে অর্থাৎ যদি প্রথমের দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তি তৃতীয়ের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তি তুল্য হয় তবে প্রথম এবং দ্বিতীয়ের যোগে দ্বিতীয় সম্বন্ধে যে নিষ্পত্তি

fourth, the first and second together will be to the second, as the third and fourth together to the fourth.

If $A : B :: C : D$, then, by composition, $A + B : B :: C + D : D$.

Take $m(A + B)$ and nB any multiples whatever of $A + B$ and B; and first, let m be greater than n. Then, because $A + B$ is also greater than B, $m(A + B) > nB$. For the same reason, $m(C + D) > nD$. In this case, therefore, that is, when $m > n$, $m(A + B)$ is greater than nB, and $m(C + D)$ is greater than nD. And in the same manner, it may be proved, that when $m = n$, $m(A + B)$ is greater than nB, and $m(C + D)$ greater than nD.

Next, Let $m < n$, or $n > m$, then $m(A + B)$ may be greater than nB, or may be equal to it, or may be less; first, let $m(A + B)$ be greater than nB; then also, $mA + mB > nB$; take mB, which is less than nB, from both, and $mA > nB - mB$, or $mA > (n - m) B$ (6. 5.). But if $mA > (n - m) B$, $mC > (n - m) D$, because $A : B :: C : D$. Now, $(n - m) D = nD - mD$ (6. 5.), therefore $mC > nD - mD$, and adding mD to both, $mC + mD > nD$, that is (1. 5.), $m(C + D) > nD$. If, therefore, $m(A + B) > nB$, $m(C + D) > nD$.

In the same manner, it may be proved, that if $m(A + B) = nB$, $m(C + D) = nD$; and if $m(A + B) < nB$, $m(C + D) < nD$; therefore (Def. 5. 5.), $A + B : B :: C + D : D$. Therefore, &c. Q. E. D.

তৃতীয় এবং চতুর্থের যোগে চতুর্থ সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে।

যদি ক : খ :: গ : ঘ তবে সংযোগ দ্বারা ক + খ : খ :: গ + ঘ : ঘ।

ক + খ এবং খ রাশির অ (ক + খ) এবং ইখ দুই অপবর্ত্ত্য কল্পনা করিয়া প্রথমতঃ অ ই হইতে অধিক কল্পনা কর তাহাতে ক + খ রাশি খ হইতে অধিক হওয়াতে অ (ক + খ) > ইখ। ঐ কারণে অ (গ + ঘ) > ইঘ অতএব অ > ই হইলে অ (ক + খ) রাশি ইখ হইতে অধিক এবং অ (গ + ঘ) রাশি ইঘ হইতে অধিক হয়। তদ্রূপ অ = ই হইলে অ (ক + খ) রাশি ইখ হইতে এবং অ (গ + ঘ) রাশি ইঘ হইতে অধিক হয়।

অপিচ অ < ই অর্থাৎ ই > অ কল্পনা কর তাহাতে অ (ক + খ) রাশি ইখ হইতে অধিক অথবা ন্যূন অথবা তত্তুল্য হইবে। প্রথমতঃ অ (ক + খ) রাশি ইখ হইতে অধিক হউক তাহাতে অক + অখ > ইখ। উভয়তঃ ইখ রাশির ন্যূন অখ বিয়োগ করিলে অক > ইখ — অখ অর্থাৎ অক > (ই—অ) খ। অধিকন্তু যদি অক > (অ—ই) খ তবে অগ > (ই—অ) ঘ কেননা ক : খ :: গ : ঘ। অপর (ই—অ) = ইঘ — অঘ (৫।৬) অতএব অগ > ইঘ— অঘ এবং উভয়তঃ অঘ যোগে অগ + অঘ > ইঘ অর্থাৎ (৫।১) অ (গ + ঘ) > ইঘ অতএব অ (ক + খ) > ইখ হইলে অ (গ + ঘ) > ইঘ হয়।

তদ্রূপ যদি অ (ক + খ) = ইখ তবে অ (গ + ঘ) = ইঘ উপপন্ন হইবে এবং যদি অ (ক + খ) < ইখ হয় তবে অ (গ + ঘ) < ইঘ উপপন্ন হইবে অতএব (৫। ৫ সং) ক + খ : খ :: গ + ঘ : ঘ। অতএব যেং রাশির মধ্যে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. XIX. THEOR.

If a whole magnitude be to a whole, as a magnitude taken from the first, is to a magnitude taken from the other; the remainder will be to the remainder as the whole to the whole.

If A : B : : C : D, and if C be less than A, A—C : B—D : : A : B.

Because A : B : : C : D, alternately (16. 5.), A : C : : B : D; and therefore, by division (17. 5), A—C : C : : B—D : D. Wherefore, again, alternately, A—C : B—D : : C : D, but A : B : : C : D, therefore (11. 5.) A—C : B—D : : A : B. Therefore, &c. Q. E. D.

Cor. A—C : B—D : : C : D.

PROP. D. THEOR.

If four magnitudes be proportionals, they are also proportionals by conversion, that is, the first is to its excess above the second, as the third to its excess above the fourth.

If A : B : : C : D, by conversion, A : A—B : : C : C—D.

For, since A : B : : C : D, by division (17. 5.), A—B : B : : C—D : D, and inversely (A. 5.), B : A—B : : D : C—D; therefore, by composition (18. 5.), A : A—B : : C : C—D. Therefore, &c. Q. E. D.

১৯ প্রতিজ্ঞা। উপপাদ্য।

কোন সমুদয় রাশির যদি অন্য কোন সমুদয় রাশি সম্বন্ধীয় নিষ্পত্তি প্রথম হইতে বিযুক্ত কোন রাশির দ্বিতীয় হইতে বিযুক্ত কোন রাশি সম্বন্ধীয় নিষ্পত্তি তুল্য হয় তবে সমুদয়ের পরস্পর নিষ্পত্তির ন্যায় অবশিষ্টেরও নিষ্পত্তি হইবেক।

যদি ক : খ :: গ : ঘ এবং যদি গ ক হইতে ন্যূন হয় তবে ক—গ : খ—ঘ : : ক : খ।

ক : খ :: গ : ঘ একারণ (৫। ১৬) বিনিময় নিষ্পত্তিতে ক : গ .: খ : ঘ সুতরাং অন্তর নিষ্পত্তিতে (৫। ১৭) ক—গ : গ : : খ—ঘ : ঘ পুনশ্চ বিনিময় নিষ্পত্তিতে ক—গ : খ — ঘ :: গ : ঘ পরন্তু ক : খ : : গ: ঘ একারণ (৫। ১১) ক—গ : খ—ঘ : : ক : খ। অতএব কোন সমুদয় রাশির ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

অনুমান ক—গ : খ—ঘ : :গ : ঘ।

ঘ প্রতিজ্ঞা। উপপাদ্য।

চারি রাশি অনুপাতীয় হইলে তাহারা পরিবর্ত্তনেও অনুপাতীয় হইবে অর্থাৎ প্রথম রাশির দ্বিতীয় বিয়োগাবশিষ্ট সম্বন্ধে যে নিষ্পত্তি তৃতীয়ের চতুর্থ বিয়োগাবশিষ্টেরও সেই নিষ্পত্তি হইবে।

যদি ক : খ :: গ : ঘ তবে পরিবর্ত্তনে ক : ক—খ : : গ : গ—ঘ।

কেননা ক : খ : . গ: ঘ একারণ (৫। ১৭) অন্তর নিষ্পত্তিতে ক—খ : খ :: গ— ঘ: ঘ এবং বিলোম নিষ্পত্তিতে (৫।ক) খ : ক—খ : : ঘ : গ—ঘ অতএব যোগ নিষ্পত্তিতে (৫।১৮) ক : ক—খ : : গ : গ—ঘ সুতরাং চারি রাশি ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

COR. In the same way, it may be proved, that A A + B : : C : C + D.

PROP. XX. THEOR.

If there be three magnitudes, and other three, which, taken two and two, have the same ratio; if the first be greater than the third, the fourth is greater than the sixth; if equal, equal; and if less, less.

If there be three magnitudes, A, B, and C, and other three, D, E, and F; and if A : B : : D : E; and also B : C : : E : F, then if $A > C$, $D > F$; if $A = C$, $D = F$; and if $A < C$, $D < F$.

A,	B,	C,
D,	E,	F.

First, Let $A > C$; then A : B $>$ C : B (8. 5.). But A : B : : D : E, therefore also D : E $>$ C : B (13. 5.) Now B : C : : E : F, and inversely (A. 5.), C : B : : F : E; and it has been shewn that D : E $>$ C : B, therefore D : E $>$ F : E (13. 5.), and consequently $D > F$ (10. 5.)

Next, Let $A = C$; then A : B : : C : B (7. 5.), but A : B : : D : E; therefore, C : B : : D : E, but C : B : : F : E, therefore D : E : : F : E (11. 5.), and $D = F$ (9. 5.). Lastly, let $A < C$; then $C > A$, and because, as was already shewn, C : B : : F : E, and B : A : : E : D;

অনুমান ঐ রূপে ক : ক + খ :: গ : গ + ঘ উপপন্ন হইবে।

---

২০ প্রতিজ্ঞা।

প্রথম পংক্তিতে তিন রাশি এবং দ্বিতীয় পংক্তিতে অপর তিন রাশি কল্পিত হইলে যদি ক্রমশ দুই২ রাশির নিষ্পত্তি পরিমাণ সমান হয় তবে প্রথম রাশি তৃতীয়ের অধিক হইলে চতুর্থ রাশিও ষষ্ঠের অধিক হইবে তথা সমান হইলে সমান এবং ন্যূন হইলে ন্যূন হইবে।

যদি ক খ গ তিন রাশি এবং ঘ ঙ চ অপর তিন রাশি কল্পিত হয় এবং যদি ক : খ : : ঘ : ঙ তথা খ : গ : : ঙ : চ হয় তবে ক > গ হইলে ঘ > চ এবং ক = গ হইলে ঘ = চ আর ক < গ হইলে ঘ < চ হইবে।

ক	খ	গ
ঘ	ঙ	চ

প্রথমতঃ ক > গ কল্পনা কর তাহাতে (৫।৮) ক : খ > গ : খ কিন্তু ক : খ : : ঘ : ঙ সুতরাং (৫।১৩) ঘ : ঙ > গ : খ অপর খ : গ : : ঙ : চ এবং বিলোম নিষ্পত্তিতে (৫।ক) গ : খ : : চ : ঙ। অপর পূর্ব্বে সপ্রমাণ হইয়াছে যে ঘ : ঙ > গ : খ অতএব (৫।১৩) ঘ : ঙ > চ : ঙ সুতরাং ঘ > চ (৫।১০)।

অপিচ ক = গ কল্পনা কর তাহাতে ক : খ : : গ খ (৫।৭) কিন্তু ক : খ : : ঘ : ঙ অতএব গ : খ : : ঘ : ঙ অধিকন্তু গ : খ : : চ : ঙ অতএব ঘ : ঙ : : চ : ঙ (৫।১১) সুতরাং ঘ = চ। অবশেষে ক < গ কল্পনা কর তাহাতে গ > ক হইবে। অপর পূর্ব্বোক্ত প্রমাণানুসারে গ : খ : : চ : ঙ এবং খ : ক : : ঙ : ঘ সুতরাং প্রথম প্রকরণানুসারে যদি গ > ক তবে চ > ঘ অর্থাৎ ক < গ

therefore, by the first case, if $C > A$, $F > D$, that is, if $A < C$, $D < F$. Therefore, &c. Q. E. D.

PROP. XXI. THEOR.

If there be three magnitudes, and other three, which have the same ratio taken two and two, but in a cross order; if the first magnitude be greater than the third, the fourth is greater than the sixth; if equal, equal; and if less, less.

If there be three magnitudes, A, B, C, and other three, D, E, and F, such that A : B : : E : F, and B : C : : D : E; if $A > C$, $D > F$, if $A = C$, $D = F$; and if $A < C$, $D < F$.

A,	B,	C,
D,	E,	F,

First, Let $A > C$. Then $A : B > C : B$ (8. 5.), but A : B : : E : F, therefore $E : F > C : B$ (13. 5.). Now, B : C : : D : E, and inversely, C : B : : E : D; therefore $E : F > E : D$ (13. 5.), wherefore $D > F$ (10. 5.)

Next, Let $A = C$. Then (7. 5.) A : B : : C : B; but A : B : : E : F, therefore, C : B : : E : F (11. 5.); but B : C : : D : E, and inversely, C : B : : E : D, therefore (11. 5.), E : F : : E : D, and, consequently, $D = F$ (9. 5.).

Lastly, Let $A < C$. Then $C > A$, and, as was already proved, C : B : : E : D; and B : A : : F : E, therefore, by the first case, since $C > A$, $F > D$, that is, $D < F$. Therefore, &c. Q. E. D.

হইলে ঘ < চ হইবে। অতএব যদি প্রথম পংক্তিতে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

---

২১ প্রতিজ্ঞা। উপপাদ্য।

যদি প্রথমতঃ তিন রাশি এবং দ্বিতীয়তঃ অপর তিন রাশি কল্পিত হইলে বিপরীত মুখে দুইং রাশির সমান নিষ্পত্তি হয় তবে প্রথম রাশি ত্রিতীয়ের অধিক হইলে চতুর্থ রাশিও ষষ্ঠের অধিক হইবে তথা সমান হইলে সমান এবং ন্যূন হইলে ন্যূন হইবে।

যদি ক খ গ তিন রাশি এবং ঘ ঙ চ অপর তিন রাশি কল্পিত হয় এবং যদি ক : খ :: ঙ : চ এবং খ : গ :: ঘ : ঙ হয় তবে ক > গ হইলে ঘ > চ এবং ক = গ হইলে ঘ = চ তথা ক < গ হইলে ঘ < চ হইবে। প্রথমতঃ ক > গ কল্পনা কর তাহাতে

ক	খ	গ
ঘ	ঙ	চ

ক : খ > গ : খ (৫।৮) কিন্তু ক : খ :: ঙ : চ অতএব ঙ : চ > গ : খ (৫।১৩) অপর খ : গ :: ঘ : ঙ সুতরাং বিলোম নিষ্পত্তিতে গ : খ :: ঙ : ঘ অতএব ঙ : চ > ঙ : ঘ (৫।১৩) একারণ ঘ > চ (৫।১০)

দ্বিতীয়তঃ ক = গ কল্পনা কর তাহাতে ক : খ :: গ : খ (৫।৭) কিন্তু ক : খ :: ঙ : চ অতএব গ : খ :: ঙ : চ (৫।১১) অপর খ : গ :: ঘ : ঙ এবং বিলোম নিষ্পত্তিতে গ : খ :: ঙ : ঘ অতএব (৫।১১) ঙ : চ :: ঙ : ঘ সুতরাং চ = ঘ।

অবশেষে ক < গ কল্পনা কর তাহাতে গ > ক হইবে এবং পূর্ব প্রমাণানুসারে গ : খ :: ঙ : ঘ এবং খ : ক :: চ : ঙ সুতরাং প্রথম প্রকরণ প্রমাণ গ > ক হওয়াতে চ > ঘ অর্থাৎ ঘ < চ। অতএব যদি প্রথমতঃ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. XXII. THEOR.

*If there be any number of magnitudes, and as many others, which, taken two and two in order, have the same ratio; the first will have to the last of the first magnitudes, the same ratio which the first of the others has to the last.**

First, Let there be three magnitudes, A, B, C, and other three, D, E, F, which, taken two and two in order, have the same ratio, viz. A : B : : D : E, and B : C : : E : F; then A : C : : D : F.

Take of A and D any equimultiples whatever, mA, mD; and of B and E any whatever, nB, nE; and of C and F any whatever, qC, qF. Because A : B : : D : E, mA : nB : : mD : nE (4. 5.); and for the same reason, nB : qC : : nE : qF. Therefore (20. 5.), according as mA is greater than qC, equal to it, or less, mD is greater than qF, equal to it, or less; but mA, mD are any equimultiples of A and D; and qC, qF are any equimultiples of C and F; therefore (Def. 5. 5.), A : C : : D : F.

A,	B,	C,
D,	E,	F
mA,	nB,	qC
mD,	nE,	qF

Again, Let there be four magnitudes, and other four which, taken two and two in order, have the same ratio, viz. A : B : : E : F; B : C : : F : G; C : D : : G : H, then A : D : : E : H.

* N. B.—This proposition is usually cited by the words "ex æquali," or "ex æquo."

২২ প্রতিজ্ঞা উপপাদ্য।

প্রথমতঃ কতিপয় রাশি এবং দ্বিতীয়তঃ তৎসংখ্যক অপর কতিপয় রাশি থাকিলে যদি ক্রমশঃ দুই২ রাশির মধ্যে সমান নিষ্পত্তি হয় তবে প্রথম শ্রেণীস্থ আদ্য রাশির অন্তিম সম্বন্ধে যে নিষ্পত্তি দ্বিতীয় শ্রেণীস্থ আদ্য রাশির অন্তিম সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে *।

যদি ক খ গ তিন রাশি এবং ঘ ঙ চ অপর তিন রাশির মধ্যে ক্রমশঃ দুই২ করিয়া লইলে সমান নিষ্পত্তি হয় অর্থাৎ যদি ক : খ :: ঘ : ঙ এবং খ : গ :: ঙ : চ তবে ক : গ :: ঘ : চ। ক এবং ঘ রাশির অক অঘ দুই সম অপবর্ত্ত্য কল্পনা কর এবং খ ও ঙ রাশির ইখ ও ইঙ দুই সম অপবর্ত্ত্য তথা গ ও চ রাশির উগ উচ দুই সম অপবর্ত্ত্য কল্পনা কর। ক : খ :: ঘ : ঙ একারণ অক : ইখ :: অঘ ; ইঙ (৫।৪)

ক	খ	গ
ঘ	ঙ	চ
অক	ইখ	উগ
অঘ	ইঙ	উচ

তদ্রূপ ইখ : উগ :: ইঙ : উচ। অতএব (৫।২০) অক রাশি উগ রাশির ন্যূনাতিরিক্ত অথবা সমান হইলে অঘ রাশি উচ রাশিরও ন্যূনাতিরিক্ত অথবা সমান হইবে কিন্তু অক অঘ ক এবং ঘ রাশির সম অপবর্ত্ত্য এবং উগ উচ গ এবং চ রাশির সম অপবর্ত্ত্য সুতরাং (৫।৫সং) ক : গ :: ঘ : চ।

অপিচ দুই শ্রেণীস্থ চারি২ রাশি কল্পিত হউক যাহারদের দুই২ করিয়া গ্রহণ করিলে পরস্পর ক্রমশঃ সমান নিষ্পত্তি হয়। যথা ক : খ :: ঙ : চ এবং খ : গ :: চ : ছ ও গ : ঘ :: ছ : জ তাহাতে ক : ঘ :: ঙ : জ উপপন্ন হইবে।

ক	খ	গ	ঘ
ঙ	চ	ছ	জ

* এই প্রতিজ্ঞা "ন্যায়ান্যতঃ" এই শব্দে উক্ত হইয়া থাকে।

For since A, B ; C, are three magnitudes, and E, F, G, other three, which, taken two and two, have the same ratio, by the foregoing case, A : C : : E : G. And because also C : D : : G : H, by that same case, A : D : : E : H. In the same manner is the demonstration extended to any number of magnitudes. Therefore, &c. Q. E. D.

A, B, C, D,
E, F, G, H,

PROP. XXIII. THEOR.

*If there be any number of magnitudes, and as many others, which, taken two and two, in a cross order, have the same ratio : the first will have to the last of the first magnitudes the same ratio which the first of the others has to the last**

First, Let there be three magnitudes, A, B, C, and other three, D, E, and F, which taken two and two in a cross order, have the same ratio, viz. A : B : : E : F, and B : C : : D : E, then A : C : : D : F.

Take of A, B, and D, any equimultiples mA, mB, mD ; and of C, E, F, any equimultiples nC, nE, nF.

Because A : B : : E : F, and because also A : B : : mA : mB (15. 5.), and E : F : : nE nF ; therefore, mA : mB : : nE : nF (11. 5.). Again, because B : C : : D : E, mB : nC : : mD : nE (4. 5.) : and it has been just shewn, that mA : mB : : nE : nF ; therefore, if $mA > nC$, $mD > nF$ (21. 5.) ; if $mA = nC$, $mD = nF$; and if $mA < nC$,

A,	B,	C,
D,	E,	F,
mA,	mB,	nC
mD,	nE,	qF

* N. B.—This proposition is usually cited by the words "ex æquali in proportione Perturbata ; or, "ex æquo inversely."

কেমনা ক খ গ এবং ঙ চ ছ দুই শ্রেণীস্থ তিন২ রাশির মধ্যে দুই২ গ্রহণ করিলে সমান নিষ্পত্তি হয় একারণ পূর্ব্বোক্ত প্রকরণানুসারে ক : গ : : ঙ : ছ এবং গ : ঘ : : ছ : জ হওয়াতে ঐ প্রকরণানুসারে ক : ঘ : : ঙ : জ। এবং রাশির সংখ্যা যত হউক উপপত্তি ঐরূপ হইবে। অতএব যদি প্রথমত: ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

২৩ প্রতিজ্ঞা। উপপাদ্য।

যদি সমান সংখ্যক কতিপয় রাশি দুই শ্রেণীস্থ হইলে বিপরীত ক্রমে দুই২ করিয়া লইলে পরস্পর সমান নিষ্পত্তি হয় তবে প্রথম শ্রেণীস্থ আদ্য রাশির অন্তিম সম্বন্ধে যে নিষ্পত্তি দ্বিতীয় শ্রেণীস্থ আদ্য রাশির অন্তিম সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে*।

প্রথমতঃ ক খ গ এবং ঘ ঙ চ দুই শ্রেণীস্থ তিন২ রাশি কল্পিত হউক যাহাদের বিপরীত ক্রমে দুই২ করিয়া লইলে পরস্পর সমান নিষ্পত্তি হয় অর্থাৎ ক : খ : : ঙ : চ এবং খ : গ : : ঘ : ঙ তাহাতে ক : গ : : ঘ : চ উপপন্ন হইবে

ক	খ	গ
ঘ	ঙ	চ
অক	অখ	ইগ
অঘ	ইঙ	ইচ

ক খ ঘ রাশির অক অখ অঘ সম অপবর্ত্ত্য কল্পনা কর এবং গ ঙ চ রাশির ইগ ইঙ ইচ সম অপবর্ত্ত্য কল্পনা কর।

ক : খ : : ঙ : চ এবং ক : খ : : অক : অখ (৫।১৫) তথা ঙ : চ : : ইঙ : ইচ একারণ অক : অখ : : ইঙ : ইচ (৫।১১) পুনশ্চ খ : গ : : ঘ : ঙ একারণ অখ : ইগ : : অঘ : ইঙ (৫।৪) এবং সম্প্রতি উপপন্ন হইয়াছে অক : অখ : ইঙ :

* এই প্রতিজ্ঞা "বিপরীতক্রমে সামান্যেতঃ" এই শব্দে উক্ত হইয়া থাকে।

$mD \angle nF$. Now, mA and mD are any equimultiples of A and D, nC, nF, any equimultiples of C and F; therefore, A : C : : D : F (Def. 5. 5.).

Next, Let there be four magnitudes, A, B, C, and D, and other four, E, F, G and H, which, taken two and two, in a cross order, have the same ratio, viz. A : B : : G : H ; B : C : : F : G, and C : D : : E : F, then A : D : : E : H. For, since A, B, C are three magnitudes and F, G, H, other three, which, taken two and two, in a cross order, have the same ratio, by the first case, A : C : : F : H. But C : D : : E : F, therefore, again, by the first case, A : D : : E : H. In the same manner, may the demonstration be extended to any number of magnitudes. Therefore, &c. Q. E. D.

A,	B,	C,	D,
E,	F,	G,	H,

PROP. XXIV. THEOR.

If the first has to the second the same ratio which the third has to the fourth ; and the fifth to the second, the same ratio which the sixth has to the fourth ; the first and fifth, together, shall have to the second, the same ratio which the third and sixth together, have to the fourth.

Let A : B : : C : D, and also E : B : : F : D, then A + E : B : : C + F : D.

Because E : B : : F : D, by inversion, B : E : D : F. But, by hypothesis, A : B : : C : D, therefore, ex æquali (22. 5.), A : E : : C : F, and, by composition (18. 5.), A + E : E : : C + F : F. And again, by hypo-

ইচ অতএব অক > ইগ হইলে অঘ > ইচ হইবে (৫।২১) এবং অক = ইগ হইলে অঘ = ইচ তথা অক < ইগ হইলে অঘ < ইচ হইবে অপর অক অঘ ক এবং ঘ রাশির সম অপবর্ত্ত্য এবং ইগ ইচ গ এবং চ রাশির সম অপবর্ত্ত্য অতএব ক : গ :: ঘ : চ (৫।৫ সং)।

অপিচ ক খ গ ঘ এবং ঙ চ ছ জ দুই শ্রেণীস্থ চারি২ রাশি কল্পিত হউক যাহারদের বিপরীত ক্রমে দুই২ করিয়া লইলে পরস্পর সমান নিষ্পত্তি হয়। যথা ক : খ :: ছ : জ। খ : গ :: চ : ছ। গ : ঘ :: ঙ : চ। তাহাতে ক : ঘ :: ঙ : জ উপপন্ন হইবে। কেননা

ক	খ	গ	ঘ
ঙ	চ	ছ	জ

ক খ গ এবং চ ছ জ দুই শ্রেণীস্থ তিন২ রাশির মধ্যে বিপরীত ক্রমে দুই২ করিয়া লইলে সমান নিষ্পত্তি হয় একারণ প্রথম প্রকরণানুসারে ক : গ :: চ : জ অধিকন্তু গ : ঘ :: ঙ : চ অতএব পুনশ্চ প্রথম প্রকরণানুসারে ক : ঘ :: ঙ : জ। এবং রাশির সংখ্যা যত হউক উপপত্তি ঐ রূপ হইবে।

২৪ প্রতিজ্ঞা। উপপাদ্য।

প্রথম রাশির যদি দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তি তৃতীয়ের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তি তুল্য হয় এবং পঞ্চমের দ্বিতীয় সম্বন্ধীয় নিষ্পত্তি যদি ষষ্ঠের চতুর্থ সম্বন্ধীয় নিষ্পত্তি তুল্য হয় তবে প্রথম এবং পঞ্চমের একত্র যোগে দ্বিতীয়ের সম্বন্ধে যে নিষ্পত্তি তৃতীয় এবং ষষ্ঠের যোগে চতুর্থের সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে।

যদি ক : খ :: গ : ঘ এবং ঙ : খ :: চ : ঘ কল্পিত হয় তবে ক + ঙ : খ :: গ + চ : ঘ।

ঙ : খ :: চ : ঘ অতএব বিলোম নিষ্পত্তিতে খ : ঙ :: ঘ : চ অপর ক : খ :: গ : ঘ কল্পিত হইয়াছে অতএব সামান্যতঃ (৫।২২) ক : ঙ :: গ : চ এবং যোগ নিষ্পত্তিতে (৫।১৮)

thesis, E : B : : F : D, therefore, ex æquali (22. 5.), A + E : B : : C + F : D. Therefore, &c. Q. E D.

PROP E. THEOR.

If four magnitudes be proportionals, the sum of the first two is to their difference as the sum of the other two to their difference.

Let A : B : : C : D; then if A > B,
A + B : A— B : : C + D : C—D ; or if A < B,
A + B : B—A : : C + D : D—C,

For, if A > B, then because A : B : : C : D, by division (17. 5.), A—B : B : : C—D : D, and by inversion (A. 5.), B : A—B : : D : C—D. But, by composition (18. 5.) A + B : B : : C + D : D, therefore, ex æquali (22. 5.), A + B : A—B : : C + D : C—D.

In the same manner, if B > A, it is proved, that
A + B : B—A : : C + D : D—C. Therefore, &c
Q. E. D.

PROP. F. THEOR.

Ratios which are compounded of equal ratios, are equal to one another.

Let the ratios of A to B, and of B to C, which compound the ratio of A to C, be equal, each to each, to the ratios of D to E, and E to F, which compound the ratio of D to F; A : C : : D : F.

ক + ঙ : ঙ : : গ + চ : চ। পুনশ্চ ঙ : খ : : চ : ঘ কল্পিত হইয়াছে অতএব সামান্যতঃ ক + ঙ : খ : : গ + চ : ঘ অতএব প্রথম রাশির ইত্যাদি ইহাই এস্থলে উপপাদ্য।

ঙ প্রতিজ্ঞা। উপপাদ্য।

চারি অনুপাতীয় রাশির প্রথমোক্ত দুই রাশির পরস্পর যোগ বিয়োগ করিলে সমুদয়ের অবশিষ্ট সম্বন্ধে যে নিষ্পত্তি অপর দুই রাশির ঐরূপ যোগ বিয়োগ করিলে সমুদয়ের অবশিষ্ট সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে।

ক : খ : : গ : ঘ কল্পনা কর তাহাতে যদি ক > খ হয় তবে ক + খ : ক—খ : : গ + ঘ : গ—ঘ অথবা ক < খ হইলে ক + খ : খ—ক : : গ + ঘ : ঘ—গ।

কেননা যদি ক > খ তবে ক : খ : : গ : ঘ একারণ (৫।১৭) অন্তর নিষ্পত্তিতে ক—খ : খ : : গ—ঘ : ঘ সুতরাং বিলোম নিষ্পত্তিতে (৫।ক) খ : ক—খ : : ঘ : গ—ঘ অধিকন্তু যোগ নিষ্পত্তিতে (৫।১৮) ক + খ : খ : : গ + ঘ : ঘ অতএব সামান্যতঃ (৫।২২) ক + খ : ক—খ : : গ + ঘ : গ—ঘ। এবং ক < খ হইলে তদ্রূপ ক + খ : খ—ক : : গ + ঘ : ঘ—গ উপপন্ন হইবে। অতএব চারি অনুপাতীয় ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

চ প্রতিজ্ঞা। উপপাদ্য।

সমান২ নিষ্পত্তি যোগে যেহ নিষ্পত্তি হয় তাহাও পরস্পর সমান।

ক এবং খ ও খ এবং গ সম্বন্ধীয় নিষ্পত্তির যোগে ক এবং গ সম্বন্ধীয় নিষ্পত্তি উৎপন্ন হইতেছে এবং ঘ এবং ঙ ও ঙ এবং চ সম্বন্ধীয় নিষ্পত্তি যোগে ঘ এবং চ সম্বন্ধীয় নিষ্পত্তি উৎপন্ন হইতেছে যদি ক রাশির খ সম্বন্ধীয় এবং খ রাশির গ

A,	B,	C,
D,	E,	F,

For, first, If the ratio of A to B be equal to that of D to E, and the ratio of B to C equal to that of E to F, *ex æquali* (22. 5.), A : C :: D : F.

And next, If the ratio of A to B be equal to that of E to F, and the ratio of B to C equal to that of D to E, *ex æquali inversely* (23. 5.), A : C :: D : F. In the same manner, may the proposition be demonstrated, whatever be the number of ratios. Therefore, &c. Q. E. D.

সম্বন্ধীয় নিষ্পত্তি ক্রমশঃ ঘ রাশির ঙ সম্বন্ধীয় এবং ঙ রাশির চ সম্বন্ধীয় নিষ্পত্তির সমান হয় তবে ক : গ :: ঘ : চ।

কেননা প্রথমতঃ যদি ক রাশির খ সম্বন্ধীয় নিষ্পত্তি ঘ রাশির ঙ সম্বন্ধীয় নিষ্পত্তি তুল্য হয় এবং খ রাশির গ সম্বন্ধীয় নিষ্পত্তি ঙ রাশির চ সম্বন্ধীয় নিষ্পত্তির তুল্য হয় তবে সামান্যতঃ (৫।২২) ক : গ :: ঘ : চ।

ক	খ	গ
ঘ	ঙ	চ

দ্বিতীয়তঃ যদি ক রাশির খ সম্বন্ধীয় নিষ্পত্তি ঙ রাশির চ সম্বন্ধীয় নিষ্পত্তির তুল্য হয় এবং খ রাশির গ সম্বন্ধীয় নিষ্পত্তি ঘ রাশির ঙ সম্বন্ধীয় নিষ্পত্তির সমান হয় তবে (৫।২৩) বিপরীত ক্রমে সামান্যতঃ ক : গ :: ঘ : চ। অপর যত নিষ্পত্তি হউক উপপত্তি ঐ রূপ হইবে। অতএব সমানং নিষ্পত্তি ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

পঞ্চমোধ্যায়ঃ সমাপ্তঃ

BOOK VI.

DEFINITIONS.

I. SIMILAR *rectilineal figures* are those which have their several angles equal, each to each, and the sides about the equal angles proportionals.

II. Two sides of one figure are said to be *reciprocally proportional* to two sides of another, when one of the sides of the first is to one of the sides of the second, as the remaining side of the second is to the remaining side of the first.

III. A straight line is said to be cut in *extreme and mean ratio*, when the whole is to the greater segment, as the greater segment is to the less.

IV. The *altitude* of any figure is the straight line drawn from its vertex perpendicular to its base.

৬ অধ্যায়।

সংজ্ঞা।

১ যে২ সরল রৈখিক ক্ষেত্রের কোণ সকল ক্রমশঃ সমান এবং সমান২ কোণ সংলগ্ন বাহু পরস্পর অনুপাতীয় সে সকল ক্ষেত্রকে সদৃশ কহা যায়।

২ দুই ক্ষেত্রের মধ্যে প্রথমের এক বাহু দ্বিতীয়ের এক বাহুর সহিত যে নিষ্পত্তি যুক্ত হয় দ্বিতীয়ের অপর বাহু প্রথমের অপর বাহুর সহিত যদি সেই নিষ্পত্তি যুক্ত হয় তবে প্রথমের দুই বাহুকে দ্বিতীয়ের দুই বাহুর সহিত "উভয়তঃ অনুপাতীয়" কহা যায়।

৩ কোন সরল রেখার সমুদায়াংশ যথা বৃহত্তর খণ্ডের সম্বন্ধে, বৃহত্তর খণ্ড তথা লঘুতরের সম্বন্ধে কল্পিত হইলে ঐ সরল রেখাকে অন্ত্য এবং মধ্য অনুপাতীয় রূপে ছিন্ন কহা যায়।

৪ কোন ক্ষেত্রের শৃঙ্গ হইতে ভূমি পর্য্যন্ত লম্ব পাত করিলে সেই লম্বকে ক্ষেত্রের উন্নতি কহা যায়।

PROP. I. THEOR.

Triangles and parallelograms, of the same altitude, are one to another as their bases.

Let the triangles ABC, ACD, and the parallelograms EC, CF have the same altitude, viz. the perpendicular drawn from the point A to BD: Then, as the base BC is to the base CD, so is the triangle ABC to the triangle ACD, and the parallelogram EC to the parallelogram CF.

Produce BD both ways to the points H, L, and take any number of straight lines BG, GH, each equal to the base BC; and DK, KL, any number of them, each equal to the base CD; and join AG, AH, AK, AL. Then, because CB, BG, GH are all equal, the triangles AHG, AGB, ABC are all equal (38. 1.): Therefore, whatever multiple the base HC is of the base BC, the same multiple is the triangle AHC of the triangle ABC. For the same reason, whatever multiple the base LC is of the base CD, the same multiple is the triangle ALC of the triangle ADC. But if the base HC be equal to the base CL, the triangle AHC is also equal to the triangle ALC (38. 1.); and if the base HC be

greater than the base CL, likewise the triangle AHC is greater than the triangle ALC; and if less, less. Therefore, since there are four magnitudes, viz. the two bases BC, CD, and the two triangles ABC, ACD; and of the base BC and the triangle ABC, the first and third, any equimultiples whatever have been taken, viz. the base

১ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজ এবং সমানান্তরাল ক্ষেত্রের উন্নতি রেখা এক হইলে তাহারদের ভূমির পরিমাণে পরস্পর অনুপাত হয়।

কখগ কগঘ ত্রিভুজ এবং গঙ ঘচ সমানান্তরাল ক্ষেত্র সমান উন্নত অর্থাৎ ক চিহ্ন হইতে খঘ পর্য্যন্ত লম্বপাত করিলে সেই লম্ব তাহারদের সামান্য উন্নতি হইবে। অতএব খগ ভূমি গঘ সহিত যে নিষ্পত্তি যুক্ত কখগ ত্রিভুজ কগঘ ত্রিভুজের এবং গঙ সমানান্তরাল ক্ষেত্র গচ সমানান্তরাল ক্ষেত্রের সহিত সেই নিষ্পত্তি যুক্ত।

খঘ রেখাকে উভয় পার্শ্বে জ এবং ঠ পর্য্যন্ত বৃদ্ধি কর এবং খগ ভূমির সমান খছ ছজ রেখা ছেদ কর তথা গঘ ভূমির সমান ঘট টঠ রেখা ছেদ কর এবং কছ কজ কট কঠ সংযুক্ত কর। অপর গখ খছ ছজ পরস্পর সমান হওয়াতে কখগ কছখ কজছ ত্রিভুজ সকল পরস্পর সমান (১৩৮) অতএব জগ রেখা যৎপরিমাণে খগ রেখার অপবর্ত্ত্য কজগ ত্রিভুজও সেই পরিমাণে কখগ ত্রিভুজের অপবর্ত্ত্য। তদ্রূপ গঠ রেখা যৎপরিমাণে গঘ রেখার অপবর্ত্ত্য কঠগ ত্রিভুজও সেই পরিমাণে কগঘ ত্রিভুজের অপবর্ত্ত্য। অধিকন্তু জগ ভূমি গঠ ভূমির সমান হইলে কজগ ত্রিভুজও কগঠ ত্রিভুজের সমান হইবে (১৩৮) এবং জগ গঠ ভূমির অধিক হইলে কজগ ত্রিভুজও কগঠ ত্রিভুজের অধিক হইবে তথা ভূমি ন্যূন হইলে ত্রিভুজও ন্যূন হইবে। খগ গঘ দুই ভূমি এবং কখগ কগঘ দুই ত্রিভুজ এই চারি রাশির মধ্যে প্রথম এবং তৃতীয়ের

HC, and the triangle AHC; and of the base CD and triangle ACD, the second and fourth, have been taken any equimultiples whatever, viz. the base CL and triangle ALC; and, since it has been shewn, that if the base HC be greater than the base CL, the triangle AHC is greater than the triangle ALC; and if equal, equal; and if less, less: Therefore (Def. 5. 5.), as the base BC is to the base CD, so is the triangle ABC to the triangle ACD.

And because the parallelogram CE is double the triangle ABC (41. 1.), and the parallelogram CF double the triangle ACD, and because magnitudes have the same ratio which their equimultiples have (15. 5.), as the triangle ABC is to the triangle ACD, so is the parallelogram EC to the parallelogram CF. And because it has been shewn, that, as the base BC is to the base CD, so is the triangle ABC to the triangle ACD, and as the triangle ABC to the triangle ACD, so is the parallelogram EC to the parallelogram CF; therefore, as the base BC is to the base CD, so is (11. 5.) the parallelogram EC to the parallelogram CF. Wherefore, "*triangles*," &c. Q. E. D.

COR. From this it is plain, that *triangles and parallelograms that have equal altitudes, are to one another as their bases.*

(অর্থাৎ খগ ভূমি এবং কখগ ত্রিভুজের) জগ এবং কজগ সম অপবর্ত্ত্য এবং দ্বিতীয় ও চতুর্থের অর্থাৎ গঘ ভূমির ও কগঘ ত্রিভুজের গঠ এবং কগঠ সম অপবর্ত্ত্য কল্পিত হইয়াছে এবং এমত উপপন্ন হইয়াছে যে জগ ভূমি গঠ ভূমির অধিক হইলে কজগ ত্রিভুজ কগঠ ত্রিভুজের অধিক হইবে ও জগ গঠ সমান হইলে কজগ কগঠ সমান হইবে তথা ভমি ন্যূন হইলে ত্রিভুজও ন্যূন হইবে অতএব (৫।৫ সং) খগ ভূমি গঘ ভূমির সম্বন্ধে যে নিষ্পত্তিযুক্ত কখগ ত্রিভুজও কগঘ ত্রিভুজের সম্বন্ধে সেই নিষ্পত্তি বিশিষ্ট।

অপিচ গঙ সমানান্তরাল ক্ষেত্র কখগ ত্রিভুজের দ্বিগুণ এবং গচ সমানান্তরাল ক্ষেত্র কগঘ ত্রিভুজের দ্বিগুণ (১।৪১) এবং কতিপয় রাশির সম অপবর্ত্ত্যের পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি রাশিদিগের পরস্পর সম্বন্ধে সেই নিষ্পত্তি (৫।১৫) অতএব কখগ ত্রিভুজ কগঘ ত্রিভুজের সম্বন্ধে যে নিষ্পত্তি বিশিষ্ট গঙ সমানান্তরাল ক্ষেত্র গচ সমানান্তরাল ক্ষেত্রের সম্বন্ধেও সেই নিষ্পত্তি বিশিষ্ট। অপর পূর্ব্বে উপপন্ন হইয়াছে যে খগ ভূমি গঘ ভূমির সম্বন্ধে যে নিষ্পত্তি ধারণ করে কখগ ত্রিভুজও কগঘ ত্রিভুজের সম্বন্ধে সেই নিষ্পত্তি ধারণ করে এবং কখগ ত্রিভুজ কগঘ ত্রিভুজের সম্বন্ধে যে নিষ্পত্তি বিশিষ্ট গঙ সমানান্তরাল ক্ষেত্র গচ সমানান্তরাল ক্ষেত্রের সম্বন্ধে সেই নিষ্পত্তি যুক্ত অতএব (৫।১১) খগ ভূমি গঘ ভূমির সম্বন্ধে যে নিষ্পত্তি ধারণ করে গঙ সমানান্তরাল ক্ষেত্রও গচ সমানান্তরাল ক্ষেত্রের সম্বন্ধে সেই নিষ্পত্তি ধারণ করে। অতএব ত্রিভুজ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

অনুমান। ইহাতে নিশ্চয় বোধ হইতেছে যে ত্রিভুজ এবং সমানান্তরাল ক্ষেত্রের উন্নতি সমান হইলে তাহারদের ভূমির পরিমাণে পরস্পর অনুপাত হয়।

Let the figures be placed so as to have their bases in the same straight line; and having drawn perpendiculars from the vertices of the triangles to the bases, the straight line which joins the vertices is parallel to that in which their bases are (33. 1.), because the perpendiculars are both equal and parallel to one another. Then, if the same construction be made as in the proposition, the demonstration will be the same.

PROP. II. THEOR.

If a straight line be drawn parallel to one of the sides of a triangle, it will cut the other sides, or the other sides produced, proportionally: And if the sides, or the sides produced, be cut proportionally, the straight line which joins the points of section will be parallel to the remaining side of the triangle.

Let DE be drawn parallel to BC, one of the sides of the triangle ABC; BD is to DA, as CE to EA.

Join BE, CD; then the triangle BDE is equal to the triangle CDE (37. 1.), because they are on the

ত্রিভুজ এবং সমানান্তরাল ক্ষেত্র এমত করিয়া স্থাপন কর যে তাহারদের ভূমি এক সরল রেখায় থাকে এবং ত্রিভুজের শৃঙ্গ হইতে ভূমির উপর লম্বপাত কর তাহাতে শৃঙ্গ সংযোজক রেখা ভূমির সমানান্তরাল হইবে (১।৩৩) কেননা লম্ব রেখা সকলি সমান ও সমানান্তরাল। পরে পূর্ব্ববৎ অঙ্কপাত করিলে উপপত্তিও তাদৃশী হইবে।

২ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের এক বাহুর সমানান্তরাল ভাবে সরল রেখা নিষ্কাস্য করিলে তাহা ত্রিভুজের মধ্যে অন্য দুই বাহুকে অথবা ত্রিভুজের বাহিরে, বর্দ্ধিত দুই বাহুকে অনুপাতীয় রূপে ছেদ করিবে, এবং দুই বাহু ত্রিভুজের মধ্যে অথবা বাহিরে অনুপাতীয় রূপে ছিন্ন হইলে ছেদ চিহ্ন সংযোজক রেখা অবশিষ্ট বাহুর সমানান্তরাল হইবে।

কখগ ত্রিভুজের খগ বাহুর সমানান্তরাল ভাবে ঘঙ রেখা কল্পিত হউক খঘ রেখার ঘক সহিত যৎপরিমাণে নিষ্পত্তি গঙ রেখার ঙক সহিত সেই পরিমাণে নিষ্পত্তি হইবে।

খঙ গঘ সংযুক্ত কর অতএব খঘঙ এবং গঘঙ দুই ত্রিভুজ ঘঙ এক ভূমির উপরিস্থ এবং খগ ঘঙ সমানান্তরাল রেখার

same base DE, and between the same parallels DE, BC: but ADE is another triangle, and equal magnitudes have, to the same, the same ratio (7. 5.); therefore, as the triangle BDE to the triangle ADE, so is the triangle CDE to the triangle ADE; but as the triangle BDE to the triangle ADE, so is (1. 6,) BD to DA, because, having the same altitude, viz. the perpendicular drawn from the point E to AB, they are to one another as their bases; and, for the same reason, as the triangle CDE to the triangle ADE, so is CE to EA. Therefore, as BD to DA, so is CE to EA (11. 5.).

Next, let the sides AB, AC of the triangle ABC, or these sides produced, be cut proportionally in the points D, E; that is, so that BD be to DA, as CE to EA, and join DE; DE is parallel to BC.

The same construction being made, because as BD to DA, so is CE to EA; And as BD to DA, so is the triangle BDE to the triangle ADE (1. 6.); and as CE to EA, so is the triangle CDE to the triangle ADE; therefore the triangle BDE is to the triangle ADE, as the triangle CDE to the triangle ADE; that is, the triangles BDE, CDE have the same ratio to the triangle ADE; and therefore (9. 5.) the triangle BDE is equal to the triangle CDE: And they are on the same base DE; but equal triangles on the same base are between the same parallels (39. 1,); there-

মধ্যস্থ হওয়াতে তাহারা পরস্পর সমান (১।৩৭) অধিকন্তু কঘঙ অন্য এক ত্রিভুজ এবং সমান২ রাশির সামান্য রাশির সম্বন্ধে সমান নিষ্পত্তি হয় (৫।৭) অতএব যৎপরিমাণে খঘঙ ত্রিভুজের কঘঙ সহিত নিষ্পত্তি গঘঙ ত্রিভুজের কঘঙ সহিত সেই পরিমাণে নিষ্পত্তি হইবে কিন্তু খঘঙ ত্রিভুজের কঘঙ সম্বন্ধে যে নিষ্পত্তি খঘ রেখার ঘক রেখার সম্বন্ধে সেই নিষ্পত্তি (৬।১) কেননা ঐ দুই ত্রিভুজের উন্নতি রেখা এক অর্থাৎ ঙ বিন্দু হইতে কখ রেখার লম্ব, একারণ তাহারদের ভুমি পরিমাণে পরস্পর অনুপাত। তদ্রূপ যৎপরিমাণে গঘঙ ত্রিভুজের কঘঙ সহিত নিষ্পত্তি গঙ রেখার সেই পরিমাণে ঙক সহিত নিষ্পত্তি অতএব (৬।১১) খঘ রেখার ঘক সহিত যে নিষ্পত্তি পরিমাণ গঙ রেখার ঙক সহিত সেই নিষ্পত্তি পরিমাণ।

দ্বিতীয়তঃ কখগ ত্রিভুজের কখ কগ বাহু ত্রিভুজের মধ্যে থাকিয়া অথবা বাহিরে বর্দ্ধিত হইয়া ঘ এবং ঙ বিন্দুতে অনুপাতীয় রূপে ছিন্ন হউক অর্থাৎ খঘ রেখার ঘক সম্বন্ধে যে নিষ্পত্তি পরিমাণ গঙ রেখার ঙক সম্বন্ধে সেই নিষ্পত্তি পরিমাণ হউক তাহাতে ঘঙ খগ সমানান্তরাল উপপন্ন হইবে।

পূর্ব্ববৎ অঙ্কপাত কল্পনা কর। অপর খঘ ঘক সম্বন্ধে যে অনুপাত গঙ ঙক সম্বন্ধেও সেই অনুপাত এবং খঘ ঘক সম্বন্ধে যে অনুপাত খঙঘ ঘঙক ত্রিভুজ সম্বন্ধেও সেই অনুপাত (৬।১) তথা গঙ ঙক সম্বন্ধে যে অনুপাত গঘঙ ঘঙক সম্বন্ধেও সেই অনুপাত অতএব খঙঘ ঘঙক ত্রিভুজ সম্বন্ধে যে অনুপাত গঘঙ ঘঙক সম্বন্ধেও সেই অনুপাত অর্থাৎ ঘঙক ত্রিভুজ সম্বন্ধে খঙঘ গঘঙ দুই ত্রিভুজের নিষ্পত্তি সমান সুতরাং (৫।৯) খঙঘ ত্রিভুজ গঘঙ ত্রিভুজের সমান। অধিকন্তু শেষোক্ত দুই ত্রিভুজ ঘঙ এক ভুমির উপরিস্থ আছে এবং সমান২

fore DE is parallel to BC. Wherefore, "*if a straight line,*" &c. Q. E. D.

PROP. III. THEOR.

If the vertical angle of a triangle be bisected by a straight line which also cuts the base; the segments of the base shall have the same ratio which the other sides of the triangle have to one another: And if the segments of the base have the same ratio which the other sides of the triangle have to one another, the straight line drawn from the vertex to the point of section bisects the vertical angle.

Let the vertical angle BAC, of any triangle ABC, be divided into two equal angles by the straight line AD; BD is to DC as BA to AC.

Through the point C draw CE parallel (31. 1.) to DA, and let BA produced meet CE in E. Because the straight line AC meets the parallels AD, EC, the angle ACE is equal to the alternate angle CAD (29. 1.): But CAD, by the hypothesis, is equal, to the angle BAD; wherefore BAD is equal to the angle ACE. Again, because the straight line BAE meets the parallels AD, EC, the exterior angle BAD is equal to the interior opposite angle ABC: But the angle ACE has been proved equal to the angle BAD; therefore also ACE is equal to the

ত্রিভুজ এক ভূমির উপর হইলে একই সমানান্তরালের মধ্যে থাকে (১। ৩৯) একারণ ঘঙ খগ সমানান্তরাল। অতএব ত্রিভুজের এক বাহুর ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

৩ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের শৃঙ্গস্থ কোণ যদি কোন সরল রেখা দ্বারা দ্বিখণ্ড হয় এবং সেই সরল রেখা যদি ভূমিকে ছিন্ন করে তবে ত্রিভুজের অন্য দুই বাহুর পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি ভূমির দুই খণ্ডের পরস্পর সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে, এবং অন্য দুই বাহুর পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি ভূমির দুই খণ্ডের পরস্পর সম্বন্ধে যদি সেই নিষ্পত্তি হয় তবে ভূমির ছেদ চিহ্ন হইতে ত্রিভুজ শৃঙ্গ পর্য্যন্ত সরল রেখা টানিলে সেই রেখা শৃঙ্গস্থ কোণকে দ্বিখণ্ড করিবে।

কখগ ত্রিভুজের শৃঙ্গস্থ খকগ কোণ কঘ সরলরেখা দ্বারা দুই সমান ভাগে বিভক্ত হউক। খঘ রেখার ঘগ সম্বন্ধে যে নিষ্পত্তি খক রেখার কগ সম্বন্ধেও সেই নিষ্পত্তি।

গ বিন্দু দিয়া গঙ রেখা ঘক রেখার সমানান্তরাল করিয়া টান (১।৩১) এবং খক রেখা বর্দ্ধিত হইয়া ঙ বিন্দুতে গঙ রেখায় সংলগ্ন হউক। কঘ ঙগ সমানান্তরাল রেখার উপর কগ রেখার সম্পাত হইয়াছে একারণ কগঙ কোণ অপর পার্শ্বস্থ গকঘ কোণের সমান (১।২৯)। অধিকন্তু গকঘ ঘকখ কোণ সমান কল্পিত হইয়াছে সুতরাং ঘকখ কোণ কগঙ কোণ সমান। অপর কঘ ঙগ

সমানান্তরাল সরল রেখার উপর খকঙ সরল রেখার সম্পাত

angle AEC, and consequently the side AE is equal to the side (6. 1.) AC. And because AD is drawn parallel to one of the sides of the triangle BCE, viz. to EC, BD is to DC, as BA to AE (2. 6.); but AE is equal to AC: therefore, as BD to DC, so is BA to AC (7. 5.)

Next, Let BD be to DC, as BA to AC, and join AD; the angle BAC is divided into equal angles, by the straight line AD.

The same construction being made: because, as DB to DC, so is BA to AC; and as BD to DC, so is BA to AE (2. 6.), becaus AD is parallel to EC, refore AB is to AC, AB to AE (11. 5.): Consequently AC is equal to AE (9. 5.), and the angle AEC is therefore equal to the angle ACE

(5. 1.) But the angle AEC is equal to the exterior opposite angle BAD; and the angle ACE is equal to the alternate angle CAD (29. 1.). Wherefore also the angle BAD is equal to the angle CAD: Therefore the angle BAC is cut into two equal angles by

the segment BXC is therefore similar to the segment COK (Def. 9. 3.), and they are upon equal straight lines BC, CK: But similar segments of circles upon equal straight lines are equal (24. 3.) to one another: Therefore the segment BXC is equal to the segment COK: And the triangle BGC is equal to the triangle CGK; therefore the whole, the sector BGC is equal to the whole, the sector CGK. For the same reason, the sector KGL is equal to each of the sectors BGC, CGK: and in the same manner, the sectors EHF, FHM, MHN may be proved equal to one another, Therefore, what multiple soever the arch BL is of the arch BC, the same multiple is the sector BGL of the sector BGC. For the same reason, whatever multiple the arch EN is of EF, the same multiple is the

কর এবং খগ গট দুই চাপে ভ ণ এক২ বিন্দু নির্দ্দেশ করিয়া খভ ভগ গণ ণট সংযুক্ত কর। অপর খছগ গজট ত্রিভুজে খছ ছগ এবং গজ জট দুই২ বাহু এবং ঐ২ বাহুর মধ্যবর্ত্তি এক২ কোণ সমান হওয়াতে খগ ভূমি গট ভূমির এবং খছগ ত্রিভুজ গজট ত্রিভুজের সমান হইবে (১২)। অধিকন্তু খগ চাপ গট চাপের

সমান হওয়াতে কখগ বৃত্তপরিধিতে তাহাদের অবশিষ্ট অংশও পরস্পর সমান হইবে একারণ খভগ কোণ গণট কোণের সমান (৩।২৭) সুতরাং খভগ বৃত্তখণ্ড গণট বৃত্তখণ্ডের সদৃশ (৩ ৯সং) পরন্তু ঐ দুই খণ্ড খগ গট সমান রেখার উপরিস্থ আছে আর সদৃশ বৃত্তখণ্ড সমান২ সরল রেখার উপরিস্থ হইলে পরস্পর সমান হয় (৩।২৪) অতএব খভগ বৃত্তখণ্ড গণট খণ্ডের সমান হইবে। অপর খছগ ত্রিভুজও গজট ত্রিভুজের সমান উপপন্ন হইয়াছে অতএব খছগ সমুদয় বৃত্ত ছেদক গজট বৃত্ত ছেদকের সমান সপ্রমাণ হইল. ঐ কারণে টজঠ বৃত্ত ছেদক খছগ অথবা গজট বৃত্ত ছেদকের সমান হইবে। তদ্রূপ ঙজচ চজড ডজঢ তিন বৃত্ত ছেদকও পরস্পর সমান উপপন্ন হইবে অতএব খঠ চাপ যে পরিমাণে খগ চাপের অপবর্ত্ত্য খছঠ বৃত্তছেদকও সেই পরিমাণে খছগ বৃত্ত ছেদকের অপবর্ত্ত্য হইবে। ঐ কারণে ঙঢ চাপ যে পরিমাণে ঙচ চাপের অপবর্ত্ত্য ঙজঢ বৃত্ত ছেদকও সেই পরিমাণে ঙজচ বৃত্ত ছেদকের অপবর্ত্ত্য হইবে। অপর খঠ চাপ যদি ঙঢ চাপের সমান হয় তবে

sector EHN of the sector EHF: Now, if the arch BL be equal to EN, the sector BGL is equal to the sector EHN; and if the arch BL be greater than EN, the sector BGL is greater than the sector EHN; and if less, less: Since, then, there are four magnitudes, the two arches BC, EF, and the two sectors BGC, EHF; and of the arch BC, and sector BGC, the arch BL and the sector BGL are any equimultiples whatever: and of the arch EF, and sector EHF, the arch EN and sector EHN are any equimultiples whatever and it has been proved that if the arch BL be greater than EN, the sector BGL is greater than the sector EHN: if equal, equal; and if less, less; therefore (Def. 5. 5.), as the arch BC is to the arch EF, so is the sector BGC to the sector EHF. Wherefore in equal circles, &c. Q. E. D

PROP. B. THEOR.

If an angle of a triangle be bisected by a straight line which likewise cuts the base; the rectangle contained by the sides of the triangle is equal to the rectangle contained by the segments of the base, together with the square of the straight line bisecting the angle.

Let ABC be a triangle, and let the angle BAC be bisected by the straight line AD; the rectangle BA.AC is equal to the rectangle BD.DC, together with the square of AD.

Describe the circle (5. 4.) ACB about the triangle, and produce AD to the circumference in E, and join EC. Then, because the angle

খছঠ বৃত্ত ছেদকও ঙজচ বৃত্ত ছেদকের সমান হইবে এবং খঠ চাপ যদি ঙচ চাপের অধিক হয় তবে খছঠ বৃত্ত ছেদকও ঙজচ বৃত্ত ছেদকের অধিক হইবে আর ঐ চাপ ন্যূন হইলে বৃত্ত ছেদকও ন্যূন হইবে অতএব এস্থলে চারি রাশির নির্দ্দেশ হইল অর্থাৎ খগ ঙচ দুই চাপ এবং খছগ ঙজচ দুই বৃত্ত ছেদক। খগ চাপের ও খছগ বৃত্ত ছেদকের খঠ চাপ এবং খছঠ বৃত্ত ছেদক যে কোন প্রকারে সম অপবর্ত্ত্য তথা ঙচ চাপের এবং ঙজচ বৃত্ত ছেদকের ঙচ চাপ এবং ঙজচ বৃত্ত ছেদক তদ্রূপ সম অপবর্ত্ত্য সিদ্ধ হইয়াছে এবং ইহাও সপ্রমাণ হইয়াছে যে খঠ চাপ ঙচ চাপের সমান অথবা ন্যূনাধিক হইলে খছঠ বৃত্ত ছেদকও ঙজচ বৃত্ত ছেদকের সমান অথবা ন্যূনাধিক হইবে সুতরাং খগ চাপ যথা ঙচ চাপ সম্বন্ধে খছগ বৃত্ত ছেদকও তথা ঙজচ বৃত্ত ছেদকের সম্বন্ধে উপপন্ন হইল (৫।৫সংজ্ঞা) অতএব সমানং বৃত্ত ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

খ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের এক কোণ যদি কোন সরল রেখা দ্বারা দ্বিখণ্ডিত হয় এবং সেই রেখা যদি ভূমিকেও ছিন্ন করে তবে ত্রিভুজের দুই বাহুর আয়ত ভূমিখণ্ডের আয়ত এবং কোণ দ্বিখণ্ডকারক সরল রেখার সমচতুর্ভুজের যোগ সমান হইবে।

কখগ ত্রিভুজের খকগ কোণ কঘ সরল রেখা দ্বারা দ্বিখণ্ডিত কল্পনা কর তাহাতে খক.কগ আয়ত খঘ. ঘগ আয়ত এবং কঘ রেখার সমচতুর্ভুজ তুল্য হইবে। কখগ ত্রিভুজের উপর কখগ বৃত্ত অঙ্কিত করিয়া (৪।৫) কঘ রেখাকে পরিধিস্থ ঙ বিন্দু পর্য্যন্ত বৃদ্ধি কর এবং ঙগ

BAD is equal to the angle CAE, and the angle ABD to the angle (21. 3.) AEC, for they are in the same segment; the triangles ABD, AEC are equiangular to one another: Therefore BA : AD :: EA : AC (4. 6.) and consequently BA.AC=AD.AE (16. 6.) =ED.DA + DA². (3. 2.) But ED.DA = BD.DC (35. 3.), therefore BA.AC = BD.DC + DA². Wherefore if an angle, &c. Q. E. D.

PROP. C. THEOR.

If from any angle of a triangle a straight line be drawn perpendicular to the base; the rectangle contained by the sides of the triangle is equal to the rectangle contained by the perpendicular, and the diameter of the circle described about the triangle.

Let ABC be a triangle, and AD the perpendicular from the angle A to the base BC; the rectangle BA.AC is equal to the rectangle contained by AD and the diameter of the circle described about the triangle.

Describe (5. 4.) the circle ACB about the triangle, and draw its diameter AE, and join EC: Because the right angle BDA is equal (31. 3.) to the angle ECA in a semicircle, and the angle ABD to the angle AEC, in the same segment (21. 3.) the triangles ABD, AEC, are equiangular: Therefore, (4. 6.) as BA to AD, so is EA to AC: and consequently the rectangle BA.AC is equal (16. 6) to

ন সংযুক্ত কর। খকঘ কোণ গকঙ কোণের সমান এবং কখগ কোণ কঙগ কোণের সমান (৩। ২১। কেননা তাহারা এক বৃত্তখণ্ডস্থ আছে সুতরাং কখঘ এবং কঙগ দুই ত্রিভুজ পরস্পর সমান কোণ অতএব খক : কঘ :: কঙ : কগ (৬। ৪) সুতরাং খক.কগ = কঘ.কঙ (৬। ১৬) = ঙঘ.ঘক + কঘ² (২। ৩) পরন্তু ঙঘ.ঘক = খঘ.ঘগ (৩। ৩৫) এতৎকারণ খক.কগ = খঘ.ঘগ + কঘ²। অতএব ত্রিভুজের এক কোণ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

গ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের কোন কোণ হইতে ভূমির উপর লম্বপাত করিলে ত্রিভুজের দুই বাহুর আয়ত উক্ত লম্বরেখা এবং ত্রিভুজের উপরি নিষ্কাশিত বৃত্তব্যাসের আয়ত তুল্য হইবে।

কখগ ত্রিভুজের ক কোণ হইতে খগ ভূমির উপর কঘ লম্বপাত কল্পনা কর তাহাতে খক.কগ আয়ত কঘ লম্বরেখার এবং ত্রিভুজোপরি নিষ্কাশিত বৃত্ত ব্যাসের আয়ত তুল্য হইবে।

ত্রিভুজোপরি কগখ বৃত্ত নিষ্কাশিত করিয়া (৪।৫) তাহার কঙ ব্যাস নির্দ্দেশ কর এবং ঙগ সংযুক্ত কর। কঘখ সমকোণ এতৎকারণ তাহা অর্দ্ধ বৃত্তস্থ ঙগক কোণের সমান (৩।৩১) এবং কখঘ ও কঙগ কোণ এক বৃত্ত

খণ্ডস্থ প্রযুক্ত পরস্পর সমান (৩।২১) সুতরাং কখঘ এবং কঙগ ত্রিভুজ পরস্পর সমানকোণি তন্নিমিত্ত খক যথা কঘ সম্বন্ধে ঙক তথা কগ সম্বন্ধে হইবে (৬।৪) সুতরাং খক

the rectangle EA.AD. If, therefore, from any angle, &c. Q. E. D.

PROP. D. THEOR.

The rectangle contained by the diagonals of a quadrilateral inscribed in a circle, is equal to both the rectangles contained by its opposite sides.

Let ABCD be any quadrilateral inscribed in a circle, and let AC, BD be drawn; the rectangle AC.BD is equal to the two rectangles AB.CD, and AD.BC.

Make the angle ABE equal to the angle DBC; add to each of these the common angle EBD, then the angle ABD is equal to the angle EBC: And the angle BDA is equal to (21. 3.) the angle BCE, because they are in the same segment; therefore the triangle ABD is equiangular to the triangle BCE. Wherefore (4. 6.), BC : EC :: BD : DA, and consequently (16. 6.) BC.DA = BD.CE. Again, because the angle ABE is equal to the angle DBC, and the angle (21. 3.) BAE to the angle BDC,

the triangle ABE is equiangular to the triangle BCD; therefore BA : AE : : BD : DC, and BA.DC = BD.AE (16. 6.): But it was shewn that BC.DA = BD.CE; wherefore BC.DA + BA.DC = BD.CE + BD.AE = BD.AC (1. 2.). That is, the rectangle contained by BD and AC is equal to the rectangles contained by AB and CD, and AD and BC. Therefore the rectangle, &c. Q. E. D.

কগ আয়ত ঙক.কঘ আয়ত তুল্য উপপন্ন হইল। অতএব ত্রিভুজের ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

ঘ প্রতিজ্ঞা। উপপাদ্য।

বৃত্তের অন্তর্গত চতুর্ভুজ ক্ষেত্রস্থ দুই কর্ণের আয়ত ঐ ক্ষেত্রের পরস্পর সম্মুখস্থ রেখাংশের দুই আয়তের তুল্য।

কখগঘ চতুর্ভুজ ক্ষেত্র কোন বৃত্তের অন্তর্গত কল্পনা কর এবং কগ খঘ এই দুই কর্ণ নিষ্কাশিত কর তাহাতে খঘ.কগ আয়ত কখ.গঘ এবং কঘ.খগ দুই আয়তের তুল্য হইবে।

কখঙ কোণ ঘখগ কোণের সমান করিয়া নিষ্কাশিত কর এবং তাহাদের প্রত্যেকে ঙখঘ কোণ যোগ কর তাহাতে কখঘ কোণ ঙখগ কোণের সমান হইবে। অপর খঘক কোণ খগক কোণের সমান কেননা তাহারা এক বৃত্ত খণ্ডেতে আছে (৩।২১) অতএব কখঘ এবং ঙখগ দুই ত্রিভুজ সমকোণি উপপন্ন হইল সুতরাং খগ : গঙ :: খঘ : ঘক (৬।৪) এবং খগ.ঘক = গঙ.খঘ (৬।১৬)। আর কখঙ কোণ ঘখগ সমান এবং খকঙ কোণ খঘগ সমান (৩।২১) তন্নিমিত্ত কখঙ ত্রিভুজ খগঘ ত্রিভুজের সমান কোণি

অতএব খক : কঙ :: খঘ : ঘগ সুতরাং খক.ঘগ = খঘ.কঙ (৬।১৬) পরন্তু পূর্ব্বে সপ্রমাণ হইয়াছে যে খগ.ঘক = খঘ.গঙ সুতরাং খক.ঘগ + খগ.ঘক = খঘ.কঙ + খঘ.গঙ = খঘ.কগ (২।১) অর্থাৎ খঘ এবং কগ দুই কর্ণের আয়ত খগ এবং কঘ তথা কখ এবং গঘ সম্মুখস্থ ভুজাংশের দুই আয়ত তুল্য। অতএব বৃত্তের অন্তর্গত ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. E. THEOR.

If an arch of a circle be bisected, and from the extremities of the arch, and from the point of bisection straight lines be drawn to any point in the circumference; the sum of the two lines drawn from the extremities of the arch will have to the line drawn from the point of bisection, the same ratio which the straight line subtending the arch has to the straight line subtending half the arch.

Let ABD be a circle, of which AB is an arch bisected in C, and from A, C, and B to D, any point whatever in the circumference, let AD, CD, BD be drawn; the sum of the two lines AD and BD has to DC the same ratio that BA has to AC.

For since ACBD is a quadrilateral inscribed in a circle, of which the diagonals are AB and CD, AD.CB+DB.AC (D. 6.)=AB.CD: but AD.CB+DB.AC=AD.AC+DB.AC, because CB=AC. Therefore AD.AC+DB.AC, that is (1. 2.), (AD+DB) AC=AB.CD. And because the sides of equal rectangles are reciprocally proportional (14. 6.) AD+DB : DC : : AB : AC. Wherefore, &c. Q. E. D.

ঙ প্রতিজ্ঞা। উপপাদ্য।

বৃত্তের কোন চাপ দ্বিখণ্ডিত হইলে যদি চাপের দুই প্রান্ত এবং দ্বিখণ্ড চিহ্ন হইতে পরিধির কোন বিন্দু পর্য্যন্ত একং সরল রেখা নিষ্কাশিত হয় তবে প্রান্ত হইতে নিষ্কাশিত দুই রেখা একত্র যোগে দ্বিখণ্ড চিহ্ন হইতে নিষ্কাশিত রেখার সম্বন্ধে যে নিষ্পত্তি পরিমাণ ধারণ করিবে তাহা চাপের সম্মুখস্থ সরল রেখার চাপার্দ্ধ সম্মুখস্থ সরল রেখা সম্বন্ধীয় নিষ্পত্তি পরিমাণের তুল্য হইবে।

কখঘ বৃত্ত কল্পনা কর তন্মধ্যে কখ চাপ গ বিন্দুতে দ্বিখণ্ডিত হইয়াছে এবং ক, গ, খ তিন বিন্দু হইতে পরিধির ঘ বিন্দু পর্য্যন্ত একং সরল রেখা অর্থাৎ কঘ গঘ খঘ নিষ্কাশিত হইয়াছে কঘ খঘ একত্র যোগে গঘ সম্বন্ধে যে নিষ্পত্তি পরিমাণ ধারণ করে তাহা কখ রেখার কগ সম্বন্ধীয় নিষ্পত্তি পরিমাণ তুল্য।

কগখঘ বৃত্তান্তর্গত চতুর্ভুজ ক্ষেত্র হওয়াতে এবং কখ গঘ তাহার কর্ণ হওয়াতে কঘ.খগ + খঘ.কগ = কখ.গঘ (৬।ঘ প্র) পরন্তু কঘ.খগ + খঘ.কগ = কঘ.কগ + খঘ. কগ কেননা কগ = খগ অতএব কঘ.কগ + খঘ. কগ অর্থাৎ (কঘ + খঘ) কগ = কখ.গঘ অপর সমানং আয়তের বাহু উভয়তঃ অনুপাতীয় হয় একারণ (৬।১৪) কঘ + খঘ : গঘ :: কখ : কগ অতএব বৃত্তের কোন চাপ ইত্যাদি ইহাই এন্তমে উপপাদ্য।

PROP. F. THEOR

If two points be taken in a straight line passing through the centre of a circle, such that the rectangle contained by the segments intercepted between them and the centre of the circle be equal to the square of the radius; and if from these points two straight lines be drawn to any point whatsoever in the circumference of the circle, the ratio of these lines will be the same with the ratio of the segments intercepted between the two first mentioned points and the circumference of the circle.

Let ABC be a circle, of which the centre is D, and CAF a straight line passing through the centre D. In CAF take two points E, F, such that the rectangle FD.DE equal to the square of AD. Since FD.DF = AD, ED : AD : : AD : DF (17. 6.) and therefore if ED is less than AD, AD is less than DF (14. 5.); therefore if one of the points as E is within the circle the other F will be out of the circle.

Let B be any point in the circumference of the circle, and draw straight lines EB, FB. FB : BE : : FA : AE.

Join BD and BA, and because the rectangle FD.DE

is equal to the square of AD, that is, of BD, FD . DB . : DB : DE (17. 6.)

The two triangles FDB, BDE have therefore the sides proportional that are about the common angle D; hence, they are equiangular (6. 6.), the angle DBE being equal to the angle DFB. Again, since DB is equal to DA, the angle DBA is equal to DAB (5. 1.); but DBA is the sum of DBE and EBA, and DAB is the sum of AFB and FBA (32. 1.): therefore the sum of DBE and EBA is equal to the sum of AFB and FBA: from these equals take away the equal angles DBE and AFB, and the remaining angles EBA and FBA will be equal. Thus, it appears, that, in the triangle FBE, the line BA bisects the angle FBE; therefore FB : BE : : FA : AE (3. 6.). Therefore, &c. Q. E. D.

Cor. The ratio of the straight lines FB, BE, is also the same with the ratio of FC, CE, C being the point in which FE produced meets the circle: For produce FB to G, and join BC.

Because the angles FBE, EBG make together two right angles (13. 1.), and therefore are equal to twice the sum of ABE and EBC, which make one right angle; and it has been shewn, that FBE is double ABE, therefore EBG is double EBC; hence it appears that the outward angle EBG is bisected by BC; therefore FB : BE : : FC : CE (A. 6.).

PROP. G. THEOR.

If from the extremity of the diameter of a circle a straight line be drawn in the circle, and if either within the circle, or produced without it, it meet a line perpen-

খঙ (৬।১৭) অতএব চঘথ এবং খঘঙ দুই ত্রিভুজের সামান্য ঘ কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় হওয়াতে সুতরাং তাহারা সমান কোণি সপ্রমাণ হইল (৬।৬) এবং ঘখঙ কোণ খচঘ কোণের সমান অপর খঘ এবং কঘ সমান হওয়াতে ঘকখ কোণ ঘখক কোণের সমান (১।৫) কিন্তু ঘখক কোণ ঘখঙ এবং ঙখক কোণের যোগ তুল্য এবং ঘকখ কোণ কচখ এবং কখচ কোণের যোগতুল্য (১।৩২) অতএব ঘখঙ এবং ঙখক কোণের যোগ কচখ এবং কখচ কোণের যোগ তুল্য হইল সুতরাং ঘখঙ এবং কচখ সমান২ কোণ উভয়তঃ বিয়োগ করিলে অবশিষ্ট ঙখক কোণ কখচ কোণের তুল্য হইবে অতএব এমত উপপন্ন হইল যে খচঙ ত্রিভুজে চখঙ কোণ কখ রেখা দ্বারা দ্বিখণ্ড হইয়াছে এবং চখ : খঙ :: চক : কঙ (৬।৩)। ইহাই এস্থলে উপপাদ্য"।

অনুমান। চঙ রেখা পরিধিস্থ গ বিন্দু পর্য্যন্ত বর্দ্ধিত করিলে চখ খঙ সরল রেখার পরস্পর নিষ্পত্তি চগ গঙ রেখার নিষ্পত্তি তুল্য হইবে। চখ ছ পর্য্যন্ত বৃদ্ধি করিয়া খগ সংযুক্ত কর। চখঙ এবং ঙখছ একত্র যোগে দুই সমকোণ তুল্য (১।১৩) সুতরাং তাহারা কখঙ এবং ঙখগ কোণের দ্বিগুণ কেননা এই দুই কোণ একত্র যোগে এক সমকোণ তুল্য। অপর পূর্ব্বে সপ্রমাণ হইয়াছে যে চখঙ কোণ কখঙ কোণের দ্বিগুণ অতএব ঙখছ কোণ ঙখগ কোণের দ্বিগুণ তন্নিমিত্ত চখঙ ত্রিভুজের বহিস্থ ঙখছ কোণ খগ দ্বারা দ্বিখণ্ডিত উপপন্ন হইতেছে অতএব চখ : খঙ :: চগ : গঙ (৬।ক)।

ছ প্রতিজ্ঞা উপপাদ্য।

বৃত্ত ব্যাসের অগ্র হইতে বৃত্ত মধ্যে যদি কোন সরল রেখা নিষ্কাসিত হয় এবং যদি ঐ সরল রেখা মধ্যেই হউক অথবা বর্দ্ধিত হইয়া বাহিরেই হউক উক্ত ব্যাসের কোন লম্ব রেখায় সম্পতিত হয় তবে বৃত্ত মধ্যস্থ ঐ রেখা এবং ব্যাসাগ্র ও লম্বের

dicular to the same diameter; the rectangle contained by the straight line drawn in the circle, and the segment of it, intercepted between the extremity of the diameter and the perpendicular, is equal to the rectangle contained by the diameter, and the segment of it cut off by the perpendicular.

Let ABC be a circle, of which AC is the diameter, let DE be perpendicular to the diameter AC, and let AB meet DE in F; the rectangle BA.AF is equal to the rectangle CA.AD. Join BC, and because ABC is an angle in a semicircle, it is a right angle (31. 3.) Now,

the angle ADF is also a right angle (Hyp.); and the angle BAC is either the same with DAF, or vertical to it; therefore the triangles ABC, ADF, are equiangular, and BA : AC :: AD : AF (4. 6.); therefore also the rectangle BA.AF contained by the extremes is equal to the rectangle AC.AD contained by the means. (16. 6.) If therefore, &c. Q. E. D.

PROP. II. THEOR.

The perpendiculars drawn from the three angles of any triangle to the opposite sides intersect one another in the same point.

মধ্যবর্ত্তি তৎখণ্ডে উৎপন্ন আয়ত ব্যাস এবং লম্ব দ্বারা ছিন্ন তৎখণ্ডে উৎপন্ন আয়তের তুল্য হইবে।

কখগ বৃত্তের কগ ব্যাস কল্পনা করিয়া তাহার উপর ঘঙ লম্ব পাত কর সেই লম্বস্থ চ বিন্দুতে কখ রেখার সম্পাত হউক খক.কচ আয়ত গক.কঘ আয়ত তুল্য হইবে। খগ সংযুক্ত কর

কখগ কোণ অর্দ্ধ বৃত্তস্থ প্রযুক্ত সমকোণ (৩।৩১) এবং কল্পনানুসারে কঘচ কোণও সম কোণ অপর খকগ এবং ঘকচ একই কোণ অথবা পরস্পরের সম্মুখস্থ কোণ একারণ কখগ এবং ঘকচ ত্রিভুজ সমান কোণি সুতরাং খক : কগ :: কঘ : কচ (৬।৪) অতএব দুই অন্ত্য রেখার খক.কচ আয়ত মধ্য রেখার কগ.কঘ আয়ত তুল্য হইল (৬।১৬)। সুতরাং বৃত্ত ব্যাসের ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

জ প্রতিজ্ঞা উপপাদ্য।

ত্রিভুজের প্রত্যেক কোণ হইতে সম্মুখস্থ বাহুর উপর লম্বপাত করিলে এক বিন্দুতেই সে সকল লম্বের পরস্পর সম্পাত হইবে।

Let ABC be a triangle, and BD, and CE two perpendiculars intersecting one another in F: let AF be joined, and produced if necessary, let it meet BC in G; AG is perpendicular to BC.

Join DE, and because AEF is a right angle, a circle described about the triangle AEF will have AF for a diameter (31. 1.); Also, because ADF is a right angle, a circle described about the triangle ADF will have AF for a diameter; therefore the points A, E, F, D are in the circumference of the same circle. And because the angles BEC, BDC are right angles, it may be shewn, in the same manner, that the points B, E, D, C are in the circumference of the same circle, viz. that which has BC for its diameter: Let the circle AEFD and the semicircle BEDC be described (31. 3.). Then, the angles FED, FAD, or CED, GAC, being in the same segment, will be equal (21. 3.): And in like manner it appears, that the angle CBD is equal to CED (21. 3.) therefore the angle CBD is equal to GAC. The two triangles CBD, CAG have therefore the angle CBD equal to CAG, and the angle GCD common, wherefore the remaining angles CEB, CDA are equal (32. 1.); now CDB is a right angle; therefore CGA is also a right angle, and AG is perpendicular to BC. Therefore, &c. Q. D. E.

কখগ ত্রিভুজ মধ্যে খঘ গঙ দুই লম্বের পরস্পর সম্পাত চ চিহ্নে কল্পনা করিয়া চক সংযুক্ত কর এবং প্রয়োজন হইলে তাহা বৃদ্ধি কর পরে ঐ চক সরল রেখা ছ বিন্দুতে খগ রেখায় সংলগ্ন হউক তাহাতে কছ খগ রেখার লম্ব উপপন্ন হইবে।

ঘঙ সংযুক্ত কর। কঙচ সমকোণ একারণ কঙচ ত্রিভুজোপরি বৃত্ত নিষ্কাসিত করিলে কচ সে বৃত্তের ব্যাস হইবে (৩।৩১) তথা কঘচ সমকোণ তন্নিমিত্ত কঘচ ত্রিভুজোপরি বৃত্ত নিষ্কাসিত করিলে কচ তাহারও ব্যাস হইবে অতএব কঙ চ ঘ এই চারি

বিন্দু এক বৃত্তের পরিধিতে আছে। অপর খঙগ এবং গঘখ [illegible] কোণ সমকোণ একারণ ইহাও উপপন্ন করা যাইতে পারে যে খ ঙ ঘ গ বিন্দুও এক বৃত্তের পরিধিতে আছে এবং খগ সেই বৃত্তের ব্যাস অতএব কঙচঘ বৃত্ত এবং খঙঘগ অর্দ্ধ বৃত্ত নিষ্কাসিত কর। অধিকন্তু চঙঘ এবং চকঘ অর্থাৎ গঙঘ এবং ছকগ এক বৃত্তখণ্ডস্থ হওয়াতে পরস্পর সমান (৩।২১) তদ্রূপ গখঘ কোণ গঙঘ কোণের সমান উপপন্ন হইবে অতএব গখঘ কোণ ছকগ কোণের সমান সুতরাং খগঘ গকছ দুই ত্রিভুজে গখঘ কোণ ছকগ সমান এবং ছগঘ উভয় পক্ষে সামান্য একারণ অবশিষ্ট গঘখ এবং কছগ কোণ পরস্পর সমান (১।৩২) পরন্তু গঘখ সমকোণ তন্নিমিত্ত কছগ কোণও সমকোণ সুতরাং কছ খগ সরল রেখার লম্ব সপ্রমাণ হইল। অতএব ত্রিভুজের ইত্যাদি।

Cor. The triangle ADE is similar to the triangle ABC. For the two triangles BAD, CAE having the angles at D and E right angles, and the angle at A common, are equiangular, and therefore BA : AD : : CA : AE, and alternately BA : CA : : AD : AE : therefore the two triangles BAC, DAE, have an angle at A common, and the sides about that angle proportionals, therefore they are equiangular (6. 6.) and similar.

Hence the rectangles BA.AE, CA.AD are equal.

PROP. K. THEOR.

If from any angle of a triangle a perpendicular be drawn to the opposite side or base; the rectangle contained by the sum and difference of the other two sides is equal to the rectangle contained by the sum and difference of the segments into which the base is divided by the perpendicular.

Let ABC be a triangle, and AD a perpendicular drawn from the angle A on the base BC, so that BD, DC are the segments of the base; (AC + AB) (AC—AB) = (CD + DB) (CD—DB).

From A as a centre with the radius AC, the greater of the two sides, describe the circle CFG; produce

১৩। নির্দ্দিষ্ট বৃত্তের মধ্যেই হউক কিম্বা বাহিরেই হউক দুই পূর্ণজ্যার পরস্পর সম্পাত হইলে তাহারদের অন্তর স্থিত কোণ তাহারদের মধ্যবর্ত্তি দুই চাপের যোগান্তর তুল্য [অর্থাৎ বৃত্তের মধ্যে জ্যাসম্পাত হইলে উক্ত দুই চাপের যোগ তুল্য এবং বৃত্তের বাহিরে সম্পাত হইলে অন্তর তুল্য] কোন চাপোপরি কেন্দ্রস্থ কোণের অর্দ্ধেক হইবে।

১৪। কোন বৃত্তের ব্যাস বর্দ্ধিত হইলে তাহাতে এমত এক বিন্দুর নির্দ্দেশ করিতে হইবে যেখান হইতে বৃত্ত স্পর্শক রেখা নিষ্কাসিত করিলে ব্যাসের সমান হইবে।

১৫। কোন বৃত্ত পরিধিতে এমত এক বিন্দুর নির্দ্দেশ করিতে হইবে যেখান হইতে পরিধিস্থ অন্য দুই নির্দ্দিষ্ট বিন্দু পর্য্যন্ত রেখা নিষ্কাসিত করিলে যে দুই রেখার পরস্পর সম্বন্ধে নির্দ্দিষ্ট পরিমাণে নিষ্পত্তি হইবে।

১৬। কোন বৃত্তের ব্যাসে কেন্দ্র ব্যতীত অন্য কোন বিন্দু গৃহীত হইলে ঐ বিন্দু দিয়া যত চাপ টানা যাইতে পারে তাহার মধ্যে ব্যাসের অগ্র সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র হইবে।

১৭। দুই সমকেন্দ্র বৃত্তকে ছেদ করিয়া এক সরল রেখা নিষ্কাসিত করিতে হইবে যেন বৃহত্তর বৃত্ত পরিধির মধ্যস্থিত অংশ ক্ষুদ্রতর পরিধি মধ্যস্থিত অংশের দ্বিগুণ হয় কিন্তু বৃহত্তর বৃত্তের কর্ণটি ক্ষুদ্রতরের কর্ণটির দ্বিগুণ অপেক্ষা অধিক হইবে না।

১৮। বৃত্ত পরিধিস্থ কোন দুই বিন্দু হইতে ঐ বৃত্তের স্পর্শক রেখাস্থ কোন এক বিন্দু পর্য্যন্ত যদি দুই সরল রেখা টানা যায় তবে স্পর্শ চিহ্ন পর্য্যন্ত রেখা নিষ্কাসিত করিলে তদ্দ্বারা সর্ব্বাপেক্ষা বৃহৎ কোণ উৎপন্ন হইবে।

১৯। বৃত্তের মধ্যে যদি এক পূর্ণজ্যা অন্য কোন পূর্ণজ্যাকে দ্বিখণ্ড করে এবং প্রত্যেক জ্যার দুই অগ্র হইতে স্পর্শক রেখা যদি নিষ্কাসিত হইয়া পরস্পর সম্পাতিত হয় তবে যে রেখা

duced to meet; the line joining their points of intersection will be parallel to the bisected chord.

20. If two circles cut each other; the greatest line that can be drawn through the point of intersection to the two circumferences is that which is parallel to the line joining their centres.

21 If the tangents drawn to every two of three unequal circles be produced till they meet: the points of intersection will be in a straight line.

Section III.

22. Any side of a triangle is greater than the difference between the other two sides.

23. In any right-angled triangle, the straight line joining the right angle and the bisection of the hypothenuse is equal to half the hypothenuse.

24. If from any point within an equilateral triangle perpendiculars be drawn to the sides; they are together equal to a perpendicular drawn from any of the angles to the opposite side.

25. If the points of bisection of the sides of a given triangle be joined; the triangle so formed will be one fourth of the given triangle.

26. The difference of the angles at the base of any triangle is double the angle contained by a line drawn from the vertex perpendicular to the base, and another bisecting the angle at the vertex.

দ্বারা সম্পাত চিহ্ন সংযুক্ত হয় সেই রেখা দ্বিখণ্ডিত জ্যার সমান্তরাল হইবে।

২০। দুই বৃত্ত যদি পরস্পরকে ছিন্ন করে তবে ছেদ চিহ্ন দিয়া দুই পরিধিতে যেং রেখা নিষ্কাশিত হইতে পারে তন্মধ্যে তাহারদের কেন্দ্র সংযোজক রেখা সর্ব্বাপেক্ষা বৃহৎ হইবে।

২১। তিন বিষম বৃত্তের মধ্যে কোন দুই বৃত্তের সামান্য স্পর্শক রেখা নিষ্কাশিত করিয়া বর্দ্ধিত করিলে তাহারদের সম্পাত চিহ্ন এক রেখাস্থ হইবে।

৩ পরিচ্ছেদ।

২২। ত্রিভুজের কোন্ বাহু অন্য দুই বাহুর অন্তর হইতে অধিক।

২৩। সমকোণি ত্রিভুজে সমকোণ হইতে কর্ণের মধ্য বিন্দু পর্য্যন্ত রেখা নিষ্কাসিত করিলে সে রেখা কর্ণের অর্দ্ধাংশ তুল্য হইবে।

২৪। সম বাহু ত্রিভুজের অন্তরস্থ কোন বিন্দু হইতে বাহু সকলের উপর যদি লম্বপাত করা যায় তবে কোন কোণ হইতে সম্মুখস্থ ভুজোপরি লম্বপাত করিলে সেই লম্ব উক্ত লম্ব সকলের যোগ তুল্য হইবে।

২৫। নির্দ্দিষ্ট ত্রিভুজের বাহু সকল দ্বিখণ্ডিত হইলে দ্বিখণ্ডন চিহ্ন সকল যদি সংযুক্ত হয় তবে তদুৎপন্ন ত্রিভুজ নির্দ্দিষ্ট ত্রিভুজের চতুর্থাংশ হইবে।

২৬। ত্রিভুজের ভূমি সংলগ্ন দুই কোণের অন্তর শৃঙ্গ হইতে পতিত ভূমির লম্ব এবং শৃঙ্গস্থ কোণ দ্বিখণ্ডকারিণী রেখার মধ্যবর্ত্তি কোণের দ্বিগুণ হইবে।

২৭। এক ভূমির উপর যেং সমলম্ব ত্রিভুজ হইতে পারে তাহার মধ্যে সমদ্বিবাহু ত্রিভুজের বাহুর যোগ সর্ব্বাপেক্ষা ন্যূন।

27. The sum of the sides of an isosceles triangle is less than the sum of the sides of any other triangle on the same base and between the same parallels.

28. Of all triangles having the same vertical angle, and whose bases pass through a given point, the least is that whose base is bisected in the given point.

29. To bisect a given triangle by a line drawn from a given point in one of its sides.

30. To determine a point within a given triangle, from which lines drawn to the several angles, will divide the triangle into three equal parts.

31. To trisect a given triangle from a given point within it.

32. From a given point in the side of a triangle, to draw lines which will divide the triangle into parts which shall have a given ratio.

Section IV.

33. To bisect a parallelogram by a line drawn from a point in one of its sides.

34. To bisect a trapezium by a line drawn from one of its angles.

35. To bisect a trapezium by a line drawn from a given point in one of its sides.

36. The area of any two parallelograms described on the two sides of a triangle is equal to that of a parallelogram on the base, whose side is equal and parallel

২৮। যেং ত্রিভুজের শৃঙ্গস্থ কোণ সামান্য অথচ ভূমি এক নির্দ্দিষ্ট বিন্দুতে সংলগ্ন তাহারদের মধ্যে যে ত্রিভুজের ভূমি ঐ নির্দ্দিষ্ট বিন্দুতে দ্বিখণ্ডিত সেই ত্রিভুজ সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র।

২৯। এক নির্দ্দিষ্ট বিন্দু হইতে কোন এক বাহু পর্য্যন্ত নিষ্কাসিত সরল রেখার দ্বারা এক ত্রিভুজকে দ্বিখণ্ড করিতে হইবে।

৩০। কোন নির্দ্দিষ্ট ত্রিভুজের অন্তরে এমত এক বিন্দু নির্দ্দেশ করিতে হইবে যেখান হইতে সকল কোণ পর্য্যন্ত রেখা টানিলে ত্রিভুজ তিন সমান ভাগে বিভক্ত হইবে।

৩১। ত্রিভুজের অন্তরস্থ কোন কোণ হইতে ত্রিভুজকে দ্বিখণ্ড করিতে হইবে।

৩২। ত্রিভুজের কোন বাহুর নির্দ্দিষ্ট বিন্দু হইতে কতিপয় রেখা টানিতে হইবে যেন তদ্দ্বারা নির্দ্দিষ্ট পরিমাণে পরস্পর নিষ্পন্ন কতিপয় অংশে ঐ ত্রিভুজ বিভক্ত হয়।

---

৪ পরিচ্ছেদ।

৩৩। সমানান্তরাল ক্ষেত্রের বাহুস্থ কোন বিন্দু হইতে নিষ্কাসিত রেখা দ্বারা ঐ ক্ষেত্রকে দ্বিখণ্ড করিতে হইবে।

৩৪। বিষম চতুর্ভুজের কোন কোণ হইতে নিষ্কাসিত রেখা দ্বারা ঐ ক্ষেত্রকে দ্বিখণ্ড করিতে হইবে।

৩৫। বিষম চতুর্ভুজের কোন বাহুস্থ নির্দ্দিষ্ট বিন্দু হইতে নিষ্কাসিত রেখার দ্বারা ঐ ক্ষেত্র দ্বিখণ্ড করিতে হইবে।

৩৬। কোন ত্রিভুজের দুই বাহুর উপর সমানান্তরাল ক্ষেত্র নিষ্কাসিত হইলে যদি ভূমিরও উপর তদ্রূপ ক্ষেত্র নিষ্কাসিত হয় এবং ভূমির উপরিস্থ ক্ষেত্রের বাহু যদি পূর্ব্বোক্ত দুই ক্ষেত্রের

to the line drawn from the vertex of the triangle to the intersection of the two sides of the former parallelograms produced to meet.

Deduce Euclid 47. I., as a particular case of this.

37. If squares be described on the hypothenuse and sides of a right-angled triangle, and the extremities of the sides of the former and the adjacent sides of the others be joined; the sum of the squares of the lines joining them will be equal to five times the square of the hypothenuse.

Section V.

38. To determine a point in a line given in position, to which lines drawn from two given points may have the greatest difference possible.

39. To divide a straight line into two parts such, that the rectangle contained by them may be equal to the square of their difference.

40. To determine two lines such that the sum of their squares may be equal to a given square, and their rectangle equal to a given rectangle.

41. Through a given point to draw a line terminating in two lines given in position, so that the rectangle contained by the two parts may be equal to a given rectangle, but this rectangle must not be less than that contained between the segments of the perpendicular from the point on either of the lines.

বর্দ্ধিত বাহুর সম্পাত চিহ্ন পর্য্যন্তশৃঙ্গ হইতে নিষ্কাসিত রেখার সমান এবং সমানান্তরাল হয় তবে বাহুর উপরিস্থ দুই ক্ষেত্র ভূমির উপরিস্থ ক্ষেত্রের তুল্য হইবে।

ইউক্লিডের ১ অধ্যায়ের ৪৭ প্রতিজ্ঞা এস্থলে অনুমান সিদ্ধ কর।

৩৭। সম কোণি ত্রিভুজের কর্ণ এবং ভুজ কোটির উপর সম চতুর্ভুজ ক্ষেত্র নিষ্কাসিত হইলে যদি কর্ণোপরিস্থ চতুর্ভুজের ভুজাগ্র ভুজ কোটির চতুর্ভুজস্থ সন্নিহিত পার্শ্বের অগ্র সহিত সংযুক্ত হয় তবে সংযোজক রেখার সমচতুর্ভুজ একত্র যোগ কর্ণের সমচতুর্ভুজের পঞ্চ গুণ হইবে।

---

৫ পরিচ্ছেদ।

৩৮। এক নির্দ্দিষ্ট রেখায় এমত বিন্দু নির্ণয় করিতে হইবে যেখান পর্য্যন্ত দুই নির্দ্দিষ্ট বিন্দু হইতে দুই সরল রেখা টানিলে সেই দুই রেখার সর্ব্বাপেক্ষা অধিক অন্তর হইবে।

৩৯। এক নির্দ্দিষ্ট সরল রেখাকে এমত দুই অংশে বিভক্ত করিতে হইবে যেন তাহারদের আয়ত তাহারদের অন্তরের সম চতুর্ভুজ তুল্য হয়।

৪০। এমত দুই রেখা নির্দ্দিষ্ট করিতে হইবে যে তাহারদের সম চতুর্ভুজের যোগ কোন নির্দ্দিষ্ট সমচতুর্ভুজ তুল্য হয় এবং তাহারদের আয়ত কোন নির্দ্দিষ্ট আয়ত তুল্য হয়।

৪১। এক নির্দ্দিষ্ট বিন্দু দিয়া দুই নির্দ্দিষ্ট রেখা পর্য্যন্ত এক সরল রেখা নিষ্কাসিত করিতে হইবে যেন তাহার দুই অংশের আয়ত এক নির্দ্দিষ্ট আয়ত তুল্য হয় কিন্তু সেই নির্দ্দিষ্ট আয়ত ঐ বিন্দু হইতে নির্দ্দিষ্ট দুই রেখার কোনটির উপর পতিত লম্ব খণ্ডের আয়ত অপেক্ষা ন্যূন হইবে না।

42. From a given point to draw a line cutting two given parallel lines, so that the difference of its segments may be equal to a given line, not less than the difference of the segments of the perpendicular from the point to the two lines.

43. From two given points to draw two lines to a point in a third line, so that the difference of their squares may be equal to a given square.

44. To divide a given triangle into any number of parts, having a given ratio to each other, by lines drawn parallel to one of the sides of the triangle.

45. To divide a given triangle into any number of equal parts, by lines drawn parallel to a given line.

46. Through a given point, between two straight lines containing a given angle, to draw a line which shall cut off a triangle equal to a given rectilineal figure; not less than the triangle between the given straight lines, and a base which is bisected in the given point. See Sec. III. 28.

Section VI.

47. To describe a rectangular parallelogram which shall be equal to a given square, and have its adjacent sides together equal to a given line, not less than twice the side of the given square.

৪২। এক নির্দ্দিষ্ট বিন্দু হইতে দুই নির্দ্দিষ্ট সমানান্তরাল রেখায় সম্পতিত এক রেখা নিষ্কাসিত করিতে হইবে যেন তাহার খণ্ডান্তর নির্দ্দিষ্ট রেখার সমান হয় সেই নির্দ্দিষ্ট রেখা ঐ বিন্দু হইতে পতিত উক্ত দুই রেখার লম্বের খণ্ডান্তর অপেক্ষা ন্যূন হইবে না।

৪৩। দুই নির্দ্দিষ্ট বিন্দু হইতে তৃতীয় রেখাস্থ কোন বিন্দু পর্য্যন্ত দুই রেখা নিষ্কাসিত করিতে হইবে তাহারদের সমচতুর্ভুজের অন্তর যেন কোন নির্দ্দিষ্ট সমচতুর্ভুজ তুল্য হয়।

৪৪। নির্দ্দিষ্ট ত্রিভুজের কোন এক বাহুর সমানান্তরাল কতিপয় রেখা দ্বারা ত্রিভুজ ক্ষেত্রকে কতিপয় অংশে বিভক্ত করিতে হইবে সেই সকল অংশের পরস্পর নিষ্পত্তি যেন নির্দ্দিষ্ট পরিমাণানুযায়ি হয়।

৪৫। কোন নির্দ্দিষ্ট রেখার সমানান্তরাল কতিপয় রেখার দ্বারা এক নির্দ্দিষ্ট ত্রিভুজকে কতিপয় সমান২ অংশে বিভক্ত করিতে হইবে।

৪৬। নির্দ্দিষ্ট কোণোৎপাদক দুই সরল রেখার মধ্যবর্ত্তি কোন নির্দ্দিষ্ট বিন্দু দিয়া এমত এক রেখা নিষ্কাসিত করিতে হইবে যে তদ্দ্বারা সরল রৈখিক নির্দ্দিষ্ট ক্ষেত্র তুল্য ত্রিভুজ ক্ষেত্র অবচ্ছিন্ন হয় কিন্তু ঐ ক্ষেত্র নির্দ্দিষ্ট বিন্দুতে দ্বিখণ্ডিত এমত ভূম্যুপরিস্থ অথচ নির্দ্দিষ্ট সরল রেখার মধ্যবর্ত্তি ত্রিভুজ অপেক্ষা ন্যূন হইবেক না। ৩ পরিচ্ছেদে ২৮ সংখ্যাক প্রশ্নে দৃষ্টি কর।

৬ পরিচ্ছেদ।

৪৭। এমত এক সমকোণি সমানান্তরাল ক্ষেত্র নিষ্কাসিত করিতে হইবে যাহা এক নির্দ্দিষ্ট সমচতুর্ভুজের সমান হয় এবং যাহার দুই সংলগ্ন বাহু একত্র যোগে এক নির্দ্দিষ্ট

48. To describe a rectangular parallelogram which shall be equal to a given square, and have the difference of its adjacent sides equal to a given line.

49. To describe a triangle which shall be equal to a given equilateral and equiangular pentagon, and of the same altitude.

50. To describe an equilateral triangle equal to a given isosceles triangle.

51. To describe a parallelogram, the area and perimeter of which shall be respectively equal to the area and perimeter of a given triangle.

52. To divide a circle into any number of concentric equal annuli.

53. To inscribe a square in a given semicircle.

54. To inscribe a square in a given segment of a circle.

55. Having given the distance of the centres of two equal circles which cut each other; to inscribe a square in the space included between the two circumferences.

56. In a given circle to inscribe a rectangular parallelogram equal to a given rectilineal figure.

57. In a given equilateral and equiangular pentagon to inscribe a square.

58. To inscribe a circle in a given quadrant.

59. To describe a circle, the circumference of

রেখার তুল্য হয় কিন্তু সেই রেখা নির্দ্দিষ্ট চতুর্ভুজের ভুজ পরিমাণের দ্বিগুণের ন্যূন হইবেক না।

৪৮। এমত এক সমকোণি সমানান্তরাল ক্ষেত্র নিষ্কাসিত করিতে হইবে যাহা এক নির্দ্দিষ্ট সমচতুর্ভুজের সমান হয় এবং যাহার দুই সংলগ্ন বাহুর অন্তর এক নির্দ্দিষ্ট রেখার তুল্য হয়।

৪৯। এমত এক ত্রিভুজ নিষ্কাসিত করিতে হইবে যাহা তত্তুল্য উন্নত অথচ সমবাহুক এবং সমকোণি পঞ্চভুজ ক্ষেত্রের সমান হয়।

৫০। এক নির্দ্দিষ্ট সমদ্বিবাহুক ত্রিভুজের সমান এক সমবাহুক ত্রিভুজ ক্ষেত্র নিষ্কাসিত করিতে হইবে।

৫১। এমত এক সমানান্তরাল ক্ষেত্র নিষ্কাসিত করিতে হইবে যাহার ক্ষেত্র ফল এবং পরিমিতি ক্রমশঃ এক নির্দ্দিষ্ট ত্রিভুজের ক্ষেত্র ফল এবং পরিমিতি তুল্য হয়।

৫২। এক বৃত্তকে কতিপয় সমকেন্দ্র সমান২ বলয়ে বিভক্ত করিতে হইবে।

৫৩। এক নির্দ্দিষ্ট অর্দ্ধবৃত্তে সমচতুর্ভুজ অন্তর্গত করিতে হইবে।

৫৪। এক নির্দ্দিষ্ট বৃত্তখণ্ডে সমচতুর্ভুজ অন্তর্গত করিতে হইবে।

৫৫। পরস্পর অবচ্ছেদক এমত দুই সমান২ বৃত্তের কেন্দ্রের দূরতা নির্দ্ধারিত করিয়া তাহারদের পরিধির মধ্যবর্ত্তি স্থলে সমচতুর্ভুজ অন্তর্গত করিতে হইবে।

৫৬। এক নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্রের সমান সমকোণি সমানান্তরাল ক্ষেত্র নির্দ্দিষ্ট বৃত্তের অন্তর্গত করিতে হইবে।

৫৭। এক নির্দ্দিষ্ট সমবাহুক এবং সমান কোণি পঞ্চভুজে সমচতুর্ভুজ অন্তর্গত করিতে হইবে।

৫৮। এক নির্দ্দিষ্ট বৃত্তপাদে বৃত্ত অন্তর্গত করিতে হইবে।

৫৯। এমত এক বৃত্ত নিষ্কাসিত করিতে হইবে যাহার পরিধি

SECTION VIII.

68. If on the chord of a quadrantal arc a semicircle be described; the area of the lune so formed will be equal to the area of the triangle formed by the chord and terminating radii of the quadrant.

69. If from the extremities of the side of a square circles be described, the radius of one being equal to the side, and of the other to the diagonal of the square; the area of the lune so formed will be equal to the area of the square.

70. If, on the sides of a triangle inscribed in a semicircle, semicircles be described; the two lunes formed thereby will together be equal to the area of the triangle.

SECTION IX.

71. Given one angle, a side adjacent to it, and the difference of the other two sides; to construct the triangle.

72. Given one angle, a side opposite to it, and the difference of the other two sides; to construct the triangle.

73. Given one angle, a side opposite to it, and the sum of the other two sides; to construct the triangle

74. In a right-angled triangle, having given the sum of the base and hypothenuse, and the sum of the base and perpendicular; to construct the triangle.

৮ পরিচ্ছেদ।

৬৮। বৃত্ত পাদ সম্বলিত চাপের পূর্ণজ্যার উপর অর্দ্ধ বৃত্ত নিষ্কাসিত হইলে তাহাতে যে অর্দ্ধ চন্দ্রাকৃতি ক্ষেত্র উৎপন্ন হয় তাহা ঐ পূর্ণজ্যা এবং বৃত্তপাদস্থ দুই প্রান্ত কর্কটের মধ্যবর্ত্তি ক্ষেত্র তুল্য হইবে।

৬৯। কোন সমচতুর্ভুজের ভুজাগ্র হইতে দুই বৃত্ত নিষ্কাসিত হইলে একটী যদি ভুজ পরিমাণে এবং অন্যটী কর্ণ পরিমাণে অঙ্কিত হয় তবে তাহাতে যে অর্দ্ধ চন্দ্রাকৃতি ক্ষেত্র উৎপন্ন হইবে তাহা ঐ সমচতুর্ভুজ ক্ষেত্রের তুল্য।

৭০। অর্দ্ধ বৃত্তান্তর্গত ত্রিভুজের ভুজোপরি যদি অর্দ্ধ বৃত্ত নিষ্কাসিত হয় তবে তাহাতে যে দুই অর্দ্ধ চন্দ্রাকৃতি ক্ষেত্র উৎপন্ন হইবে তাহা একত্র যোগে ঐ ত্রিভুজ ক্ষেত্রের তুল্য হইবে।

৯ পরিচ্ছেদ।

৭১। এক কোণ এবং তৎসংলগ্ন এক বাহু এবং অন্য দুই ভুজান্তর জ্ঞাত আছে তাহাতে তৎ সম্বলিত ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।

৭২ এক কোণ এবং সম্মুখস্থ বাহু এবং অন্য দুই ভুজান্তর জ্ঞাত আছে তাহাতে তৎসম্বলিত ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।

৭৩। এক কোণ এবং তৎসম্মুখস্থ বাহু এবং অন্য দুই ভুজের যুতি জ্ঞাত আছে তাহাতে তৎসম্বলিত ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।

৭৪। সমকোণি ত্রিভুজে কর্ণ এবং ভুজের যতি জ্ঞাত আছে তাহাতে তৎসম্বলিত ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।

75. Given one angle of a triangle, and the sums of each of the sides containing it and the third side; to construct the triangle.

76. The area and hypothenuse of a right-angled triangle being given; to construct the triangle.

*** In the foregoing problems the distribution into *sections* is given according to Bland in order to enable the learner to make references with facility; but the problems are numbered differently here.

৭৫। কোন ত্রিভুজের এক কোণ এবং তৎসংলগ্ন প্রত্যেক বাহুর এবং তৃতীয় বাহুর সমষ্টি জ্ঞাত আছে তাহাতে ঐ ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।

৭৬। সমকোণি ত্রিভুজে ক্ষেত্রফল এবং কর্ণ জ্ঞাত আছে তাহাতে ঐ ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।

⁎ ব্লাণ্ড নামক গ্রন্থকারের মতানুসারে উপরি লিখিত প্রশ্ন সকলের পরিচ্ছেদ ভেদ করা গেল ইহার বিশেষ তাৎপর্য্য এই যে পাঠকবর্গ অনায়াসে ঐ গ্রন্থে তাহার উদ্দেশ প্রাপ্ত হইতে সক্ষম হইবেন পরন্তু এস্থলে প্রশ্ন সকলের পৃথকঃ সংখ্যা দত্ত হইল।

QUESTIONS FROM THE LILAVATI.

The following questions are appended, not because hey form a good sequel for their own merit to the preceding problems from Bland, but because, being extracted from a popular text-book in Sanscrit of practical Geometry, they have a sort of classical authority in the estimation of the Hindus. The *Lilavati* is the source whence Hindu mathematicians generally derive their geometrical knowledge; and, as the following list contains all the points treated in that work on the subject of *Plane Figure*, the learner may take some interest in answering the queries.

The ancient Brahmins never made any considerable progress in the study of Geometry. Their speculations in Algebra were of a higher order. Euclid's method of *rigidly* demonstrating every truth that is propounded was not known to the Brahmins, or at least was wholly disregarded by them. That they were acquainted with many properties of rectangles, rectangular triangles, and circles, the following questions prove beyond as doubt. The original inventors of the science must have satisfied themselves in some way of the truth of the propositions they believed and taught. But

লীলাবতীর প্রশ্ন।

[illegible] নামক গ্রন্থকার প্রণীত পূর্ব্বোক্ত প্রশ্ন সকলের উল্লে-
খানন্তর নিম্ন লিখিত প্রশ্ন যদিও এস্থলে উদ্ধৃত করিবার
উপযুক্ত নহে তথাপি ভারতবর্ষীয় জনগণ ক্ষেত্র ব্যবহার সম্ব-
ন্ধীয় প্রসিদ্ধ সংস্কৃত গ্রন্থোদ্ধৃত বলিয়া প্রাচীন বোধে ঐ
সকল প্রশ্নের মহা গৌরব করিয়া থাকেন একারণ তাহার
প্রসঙ্গ করা গেল ফলতঃ ভারতবর্ষীয় গণিত বেত্তারদের পক্ষে
প্রধানতঃ লীলাবতীই ক্ষেত্র ব্যবহার বিষয়ক বিদ্যার মূল
অধিকন্তু ঐ গ্রন্থের মধ্যে ক্ষেত্র সম্বন্ধে যেং সূত্র আছে নিম্ন
লিখিত প্রশ্ন সমুদায়ই সে সকলের বিষয় অতএব এই সকল
প্রশ্নের উত্তর লিখনে কিঞ্চিৎ আমোদ জন্মিবার সম্ভাবনা।

ভারতবর্ষীয় পূর্ব্বতন পণ্ডিতেরা ক্ষেত্রতত্ত্বে অধিক ব্যুৎপন্ন
ছিলেন না। বীজ গণিত বিদ্যাতে তাঁহারদের উত্তম ব্যুৎপত্তি
ছিল। ইউক্লিড নামা গ্রীক গণিত বেত্তা যেং প্রতিজ্ঞার
উদ্দেশ করিতেন সকলি দৃঢ়তর যুক্তি দ্বারা উপপন্ন করিতেন
কিন্তু বোধ হয় ভারতবর্ষীয় পণ্ডিতেরা এই সুধারা
অবগত ছিলেন না অথবা অগ্রাহ্য করিয়াছিলেন। তাঁহারা
বৃত্ত আয়ত জাত্য ত্রিভুজ প্রভৃতি ক্ষেত্র গণনায় যে পার-
দর্শি ছিলেন নিম্ন লিখিত প্রশ্ন পাঠে তাহা নিঃসন্দেহ
রূপে বোধগম্য হইবে অপর ক্ষেত্র বিদ্যার আদ্য সৃষ্টি
কারকেরা যেং প্রতিজ্ঞা সত্য বলিয়া গ্রহণ পূর্ব্বক শিষ্য-

it does not appear that, when communicating them to their disciples, they revealed the grounds of their belief, in any way similar to Euclid's. The doctrines were inculcated, and received as established truths, on the authority of the tutors; and, as they stood the test of experience, no other demonstrations were sought. It may be doubted whether any Brahmin, unenlightened by foreign instruction, and unacquainted with the Sanscrit translation of Euclid, executed in the days of Jaya Singha, not more than 200 years ago, can *mathematically* demonstrate the truths, involved in the problems which he is able mechanically to solve.

The questions numbered 31 and 33 cannot be geometrically solved. The problem of inscribing a heptagon or a nonagon in a circle is identical with that which was celebrated among Greek geometricians as the problem of the trisection of the angle.

If treated algebraically, it leads to a cubic equation with three real roots, the arithmetical value of which can be found only approximately.

The author of the Lilavati has given no account of the way in which he got the numbers stated by him; if they had been obtained by solution of the above-mentioned equation, they would probably have been more accurate than they are. He only lays down an arbitrary rule

গণকে উপদেশ করিতেন তাহার প্রমাণ অবশ্য কোন প্রকারে আপনারদের হৃদয়ঙ্গম করিয়া থাকিবেন কিন্তু তাঁহারা শিষ্য গণকে উপদেশ করণ কালে ইউক্লিডের ন্যায় দৃঢ়তর যুক্তি দর্শাইয়া সে প্রমাণ যে ব্যক্ত করিয়াছিলেন এমত বোধ হয় না ফলতঃ গুরুর কথা প্রমাণ তাঁহারদের প্রণীত সূত্র সকলের শিক্ষা হইত এবং শিষ্যেরাও তাহা আপ্ত বাক্য বলিয়া স্বীকার করিতেন আর পরীক্ষা কালীন তাহাতে কোন ব্যভিচার দৃষ্ট হইত না সুতরাং অন্য কোন উপপত্তির আকাঙ্ক্ষাও ছিল না।* যেং পণ্ডিতেরা বিদেশীয় বিদ্যায় উপদেশ প্রাপ্ত হয়েন নাই অথবা রাজা জয় সিংহের কালে অর্থাৎ অতীত দুই শত বৎসরের মধ্যে বিরচিত রেখা গণিত নামক ইউক্লিডের সংস্কৃত অনুবাদেও দৃষ্টি করেন নাই তাঁহারদের মধ্যে বোধ হয় এক জনও এমত পারদর্শী নহেন যে গুরূপদিষ্ট সূত্রানুসারে যেং প্রশ্নের উত্তর লিখিতে সক্ষম গণিত শাস্ত্রের ধারায় তাহা উপপন্ন করিতে পারেন।

৩১ এবং ৩৩ সংখ্যক প্রশ্নে যে বিষয় সম্পন্ন করিবার অনুরোধ আছে তাহা ক্ষেত্র দ্বারা সিদ্ধ করা অসাধ্য। সপ্তভুজ অথবা নবভুজ ক্ষেত্র বৃত্তান্তর্গত করণের প্রশ্ন গ্রীক জাতীয় ক্ষেত্র বেত্তারা যাহাকে কোণ ত্রিখণ্ড করণের প্রশ্ন কহিতেন তাহা হইতে ভিন্ন নহে।

বীজ গণিতের ধারাতে সিদ্ধান্ত করিলে ঐ প্রশ্নে এক ঘন সমীকরণ উপস্থিত হয় তাহার সম্ভাব্য মূল ত্রিবিধ কিন্তু অঙ্ক দ্বারা সেই মূল যথার্থরূপে সিদ্ধ হয় না কেবল অতি সূক্ষ্মরূপে শুদ্ধ সন্নিহিত হইতে পারে।

লীলাবতীর গ্রন্থকার উক্ত ক্ষেত্রের ভুজ পরিমাণার্থ যেং সংখ্যার উদ্দেশ করিয়াছেন তাহা কিরূপে লব্ধ হয় সে ধারার বিবরণ লেখেন নাই। উক্ত সমীকরণের সিদ্ধান্ত দ্বারা তাহা প্রাপ্ত হইলে বোধ হয় আরও সূক্ষ্মরূপে যথার্থ পরিমাণানুযায়ি হই-

that the side of the heptagon is $\frac{52055}{120000}$ of the diameter and that of the nonagon $\frac{41031}{120000}$ of the same. Neither of these is very far from the truth. The accurate value of the side of the heptagon lies between $\frac{82}{189}$ and $\frac{105}{242}$. The side of the nonagon lies between $\frac{13}{38}$ and $\frac{105}{307}$.

Among the commentators on the Lilavati, Rama krishna, Gangadhara, Ranganatha, have not attempted any demonstration of the problems in question, and have contented themselves with merely repeating the figures contained in the text. Ganesa confesses that the proof of the sides of the regular pentagon, heptagon, and nonagon cannot be shown in a manner similar to that of the triangle, square, and octagon. That is untrue of the pentagon: its side can be geometrically found, as shewn in this treatise B IV Prop. 11; and the admission of Ganesa serves only to prove that he was unacquainted with the Sanscrit translation of Euclid, which contains a solution of this problem. Ganesa cannot mean only that the side of the pentagon is incommensurable with the diameter: for, that is equally true of the triangle, square, and octagon, inscribed in a circle. Suryadasa bolder than Ganesa and the other commentators, with no other result than shewing more conspicuously his ignorance of the real nature of the problem. "For the heptagon" says he "describe a circle as before, and within it an equilateral heptagon; then a line being

হইতে পারিত। তিনি কেবল স্বেচ্ছানুসারে এক সূত্র রচনা করিয়া কহেন যে সপ্তভুজ ক্ষেত্রের বাহুপরিমাণ ব্যাসের $\frac{৫২০৫৫}{১২০০০০}$ গুণ এবং নবভুজের বাহু পরিমাণ $\frac{৪১০৩১}{১২০০০০}$ গুণ। এ পরিমাণ নিতান্ত অসত্য নহে কেননা সপ্তভুজের যথার্থ ভুজ পরিমাণ $\frac{৮২}{১৮৯}$ এবং $\frac{১০৫}{২৪২}$ মধ্যে নিশ্চিত, এবং নবভুজের ভুজ পরিমাণ $\frac{১৩}{৩৮}$ এবং $\frac{১০৫}{৩০৭}$ মধ্যে নির্ণীত হইয়াছে।

লীলাবতীর টীকাকারের মধ্যে রামকৃষ্ণ গঙ্গাধর রঙ্গনাথ উক্ত প্রশ্নের উপপত্তি করিতে চেষ্টাও করেন নাই তাঁহারা কেবল গ্রন্থকারের কল্পিত অঙ্কের পুনরুক্তি করিয়াছেন, গণেশ স্পষ্টই স্বীকার করিয়াছেন যে সমবাহু ত্রিভুজ চতুর্ভুজ এবং অষ্ট ভুজের ন্যায় পঞ্চভুজ সপ্তভুজ এবং নবভুজের ভুজ পরিমাণ স্পষ্টরূপে উপপন্ন হয় না। পঞ্চ ভুজের বিষয়ে এপ্রকার স্বীকার করা কর্ত্তব্য নহে কেননা পঞ্চভুজের বাহু ক্ষেত্রদ্বারা নির্ণীত করা যায় যথা এই পুস্তকের ২ অধ্যায়ের ১১ প্রতিজ্ঞাতে উপপন্ন হইয়াছে সুতরাং গণেশের স্বীকৃত কথায় কেবল এই বোধ হয় যে ইউক্লিডের সংস্কৃত অনুবাদ অর্থাৎ রেখা গণিত যাহাতে ঐ প্রশ্নের সিদ্ধান্ত হইয়াছে তাহা তিনি জানিতেন না। বোধ হয় তাঁহার এই মাত্র অভিপ্রায় না হইবে যে পঞ্চ ভুজের বাহু ব্যাসের যথার্থ পরিমেয় নহে কেননা তাহা ত্রিভুজ চতুর্ভুজ এবং অষ্ট ভুজের বিষয়েও কহা যাইতে পারে। সূর্য্যদাস গণেশ প্রভৃতি অন্যান্য টীকাকারের অপেক্ষা অধিক সাহসিক হইয়া রচনা করিয়াছেন কিন্তু উপস্থিত বিষয়ে তাঁহার অনভিজ্ঞতা আরও স্পষ্টরূপে প্রকাশ পাইতেছে তিনি কহেন সপ্তভুজের প্রমাণার্থ "পূর্ব্ববৎ বক্ত নিষ্কাসিত করিয়া পরে সমবাহুক

drawn between the extremities of any two sides at pleasure and three lines from the centre of the circle to the angles indicated by those extremities, an unequal quadrilateral is formed. The greater sides, and the least diagonal thereof are equal to the semi-diameter. The value of the greater diagonal, which is assumed arbitrarily, is the chord of the arc encompassing the two sides. Its arrow being deduced in the manner before directed, is the side of a small rectangular triangle. Thus the greater diagonal, being here arbitrarily assumed to be 93804, is the chord sought; its arrow found in the manner directed is 22579; this is the side, and half the base or chord is the upright 46902; their squares are 509711241 and 21997604, the square root of the sum of which is the side of the heptagon or 52056.*

For the nonagon, he says; "A circle being described as before, inscribe a triangle in it. Thus the circle is divided into three parts. Three equal chords being drawn in each of those portions, a nonagon is thus inscribed in the circle: and three oblongs are formed within the same; of which the base is equal to the side of the (inscribed) triangle. Two perpendiculars being drawn in the oblong, it is divided into three por-

* These numbers are given from the copy of Suryadara's commentary on the Lilavati in the library of the Asiatic Society. There are two obvious errors in them, probably of the copyist; viz. 22579 should be 22551 and 21997604 should be 2199797604.

সপ্তভুজ ক্ষেত্র তদন্তর্গত কর। স্বেচ্ছানুসারে দুই ভুজাগ্র রেখা দ্বারা সংযুক্ত করিয়া কেন্দ্র হইতে ঐ ভুজাগ্র চিহ্নিত কোণ পর্য্যন্ত তিন রেখা নিষ্কাশিত হইলে তাহাতে এক বিষম চতুর্ভুজ উৎপন্ন হইবে তাহার বৃহত্তর দুই বাহু এবং ক্ষুদ্রতর কর্ণ ব্যাসার্দ্ধ তুল্য। অপর স্বেচ্ছানুসারে কল্পিত বৃহত্তর কর্ণের যে পরিমাণ তাহাই দুই ভুজ ব্যাপক চাপের পূর্ণজ্যা। পরে পূর্ব্বোক্ত নিয়মানুসারে শর নির্ণয় করিলে তাহা এক মাত্র ত্রিভুজের ভুজ হইবে, যথা বৃহত্তর কর্ণ পরিমাণ স্বেচ্ছানুসারে ৯০৮০২ কল্পিত, ইহাই এস্থলে ইষ্টজ্যা, পূর্ব্বোক্ত নিয়মে তাহার শর ২২৫৭৯, ইহাই ভুজ, এবং জীবা স্বরূপ পূর্ব্বের অর্দ্ধ কোটি ৪৬৯০২, ইহাদের বর্গ ৫০৯৭১১২৪১ যোগ ২১৯৯৭৬০৪ তাহাদের যোগ মূল সপ্তভুজের বাহু [illegible] ৫।

তিনি নবভুজের বিষয়ে কহেন "পূর্ব্ববৎ বৃত্ত নিষ্কাশিত হইলে তন্মধ্যে এক ত্রিভুজ অঙ্কিত কর তাহাতে বৃত্ত পরিধি তিন সমান অংশে বিভক্ত হইবে এবং প্রত্যেক অংশে তিন সমান২ জ্যা নিষ্কাশিত হইলে নবভুজ ক্ষেত্র বৃত্তান্তর্গত হইবে ও তন্মধ্যে তিন চতুর্ভুজ ক্ষেত্র উৎপন্ন হইবে তাহার ভূমি বৃত্তান্তর্গত ত্রিভুজের ভুজ তুল্য। অপর ঐ চতুর্ভুজ ক্ষেত্রের কোণ হইতে দুই লম্বপাত হইলে তাহা অংশত্রয়ে বিভক্ত হইবে প্রথম এবং শেষাংশ দুই ত্রিভুজ ও মধ্যাংশ চতুর্ভুজ ক্ষেত্র হইবে

---

* কলিকাতাস্থ এস্যাটিক সোসাইটির পুস্তকালয়ে যে সূর্য্যদাস রচিত লীলাবতীর টীকা আছে তাহা হইতে উক্ত অঙ্ক অবিকল উদ্ধৃত করা গেল কিন্তু ইহার মধ্যে দুই স্পষ্ট অশুদ্ধি আছে বোধ হয় তাহার লেখকের ভ্রম বশতঃ হইয়াছে অর্থাৎ ২২৫৭৯ পরিবর্ত্তে ২২৫৮১ হইবে এবং ২১৯৯৭৬০৪ পরিবর্ত্তে ২১৯৯৭৯৭৬০৪ হইবে।

tions, the first and last of which are triangles; and the intermediate one is a tetragon. The base in each of them is a third part of the side of the inscribed triangle (?) It is the upright (of a rectangular triangle); the perpendicular is its side; and the square root of the sum of their squares is hypothenuse, and is the side of the nonagon. To find the perpendicular, put an assumed chord equal to half the chord of the (inscribed) tetragon: find its arrow in the manner aforesaid: and subtract that from the arrow of the chord of the (inscribed) triangle, the remainder is the perpendicular. Thus the perpendicular comes out 21989: it is the side (of a rectangular triangle). The third part of the inscribed triangle is 34641: it is the upright. The square root of the sum of their squares is 41031: and is the side of the inscribed nonagon. Thus all is congruous." It will not be necessary to explain to those who have carefully studied the foregoing treatise, the false and inconclusive character of this sort of reasoning.

With reference to the quadrature of the circle, the Hindus seem to have made considerable improvement between the age of Brahmagupta and that of the Lilavati. Brahmagupta gave three times the diameter as the practical circumference, the neat dimension of which, according to him, was the square root of ten times the square of the diameter.*. The author of the Lilavati allows a larger proportion for the gross circum

* That is as 3.1623 to 1, which is too great by more than [illegible] part of the whole.

